# সাফল্যের জন্য পরিকল্পনা: হাই স্কুল থেকে কলেজ ও ক্যারিয়ারে যেতে সহায়তা

## নিউ ইয়র্ক সিটির পিতামাতা/অভিভাবকদের জন্য সহায়ক পরামর্শ

NYC Department of Education

# সাফল্যের জন্য পরিকল্পনা: হাই স্কুল থেকে কলেজ ও ক্যারিয়ারে যেতে সহায়তা

নিউ ইয়র্ক সিটির পিতামাতা/অভিভাবকদের জন্য সহায়ক পরামর্শ

NYC
Department of Education

## চ্যান্সেলরের চিঠি

প্রিয় পরিবারবর্গ:

আমাদের শিক্ষার্থীদের কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুতি পূর্বের যেকোন সময়ের তুলনায় এখন অনেক বেশি গুরুত্বপূর্ণ। এ দেশের সবচেয়ে দ্রুত বর্ধমান পেশার প্রায় ৯০ শতাংশ ক্ষেত্রে মাধ্যমিক পরবর্তী প্রশিক্ষণের প্রয়োজন। শিক্ষার অর্জনের সুফল যে কেবল সরাসরি অর্থপূর্ণ ক্যারিয়ারে রূপান্তরিত হচ্ছে তা নয়, তা শিক্ষার্থীদের জন্য ভবিষ্যৎ উচ্চ আয়েরও ব্যবস্থা করছে।

এসব কারণে চ্যান্সেলর হিসেবে আমার সবচেয়ে বড় অগ্রাধিকার হল নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের সব শিক্ষার্থী যাতে কলেজ এবং ২১শতকের শ্রমবাজারের জন্য প্রস্তুত হয়ে শিক্ষা সম্পন্ন করে তা নিশ্চিত করা। প্রতিবন্ধী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীসহ আমাদের সব শিক্ষার্থীদের হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত করতে ডিপার্টমেন্ট অব এডুকেশন স্কুল, শিক্ষার্থী, পরিবারবর্গ এবং কম্যুনিটির সদস্যদের সাথে শিক্ষার্থীর কাজ এবং শিক্ষকের অনুশীলনকে জোরদার করতে একসাথে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিক বছরগুলোতে এ ক্ষেত্রে আমরা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছি। মেয়র ব্লুমবার্গ নির্বাচিত হবার আগ পর্যন্ত নিউ ইয়র্ক সিটির উত্তীর্ণের হার প্রায় এক দশক পর্যন্ত একই পর্যায়ে ছিল। উত্তীর্ণের হার এখন ৬৫ শতাংশ, যা যেকোন সময়ের তুলনায় সবচেয়ে বেশি। কেবল নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি ক্যাম্পাসে ফ্রেশম্যান হিসেবে প্রথমবার ভর্তি হওয়া শিক্ষার্থীর সংখ্যা ৯,০০০ বেশি বৃদ্ধি পেয়েছে। ২০০২ সালের ১৬,০০০ থেকে ২০০৯ সালে বেড়ে দাঁড়িয়েছে ২৫,৫০০০-এ।

কিন্তু আমরা সকলেই জানি সামনে রয়েছে আরো অনেক কাজ। প্রি-কিন্ডারগার্টেন থেকে হাই স্কুল পর্যন্ত শিক্ষার্থীর শিক্ষার প্রতিটি পর্যায়ে উত্তীর্ণের পরবর্তী জীবনের জন্য শিক্ষার্থীকে প্রস্তুত করার প্রচেষ্টায় পিতামাতা এবং কম্যুনিটির পূর্ণাঙ্গভাবে সম্পৃক্ত হওয়া প্রয়োজন।

নিউ ইয়র্ক সিটির অন্যান্য পিতামাতারা বিশেষভাবে আপনার জন্য এই নির্দেশিকাটি লিখেছেন। আপনি আজ যে পর্যায়ে রয়েছেন, তারাও ঠিক এ পর্যায়ে ছিলেন। বিকল্প বাছাই এবং আপনার সন্তানের প্রতি বছর যে সহযোগিতার প্রয়োজন সে সম্পর্কে এখানে বাস্তব পরামর্শ দেওয়া হয়েছে। আমাদের শিক্ষার্থীদের কলেজ এবং ক্যারিয়ারের জন্য প্রস্তুতি গ্রহণের পুরো যাত্রায় পিতামাতা ও পরিবারবর্গ কিভাবে সম্পৃক্ত হবে তা জানতে এটি একটি চমৎকার উপকরণ। আমি আপনাকে উৎসাহিত করব এখানে দেওয়া পরামর্শ এবং কৌশলগুলো পুরোপুরিভাবে কাজে লাগাতে এবং কম্যুনিটির অন্যান্যদের সাথে এ উপকরণ ভাগাভাগি করে নিতে। আমি আপনাকে পরামর্শ দেব আপনার সন্তানের ভবিষ্যৎ সাফল্য নিশ্চিত করতে কিভাবে আপনি একযোগে কাজ করতে পারেন সে বিষয়ে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর এবং শিক্ষকদের সাথে কথা বলতে।

এ চ্যালেঞ্জ মোকাবেলায় আমি আপনার সাথে কাজ করার অপেক্ষায় আছি এবং আপনার সন্তানের ভবিষ্যৎ কর্মের সাফল্য কামনা করছি।

আপনার বিশ্বস্ত,



ডেনিস এম ওয়ালকট
*চ্যান্সেলর*

আট বছর আগে আমি যখন নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের শিক্ষার্থী ভর্তি দপ্তরের প্রধান নির্বাহী ছিলাম তখন ব্রুকলিনের কিছু হাই স্কুলের শিক্ষার্থীর সংখ্যাধিক্যের বিষয়ে একদল পিতামাতা, ইউএফটি সদস্য এবং স্কুল লিডার আমাদের একদল কর্মীর সাথে আলোচনা করতে এসেছিল। দলের প্রত্যেকে তাদের স্কুল এবং এলাকার পক্ষে কথা বলতে এতটাই অঙ্গীকারাবদ্ধ ছিল যে, এটি ছিল আমাদের হাই স্কুলগুলোর শিক্ষার্থী সংখ্যার প্রতিনিধিত্বকারী একটি চমৎকার দল। ভর্তির বিষয়ে আমরা একসাথে কাজ করলাম এবং পিতামাতারা বৈঠক অব্যাহত রাখলেন এবং আমরা (যাদের একজন আমাদের একটি হাই স্কুলের গাইডেন্স কাউন্সিলর ছিলেন) হাই স্কুলের পিতামাতাদের কাছে গুরুত্বপূর্ণ হিসেবে দলটি কর্তৃক চিহ্নিত অন্যান্য বিষয়ও সামাল দিতে শুরু করলাম। আমাদের মধ্যকার সহযোগিতার প্রথম গুরুত্বপূর্ণ ফলাফলটি হল পিতামাতাদের জন্য "হাই স্কুল সম্পর্কে জানা-পিতামাতাদের জন্য উপকারী পরামর্শ" নামক একটি পুস্তিকা বের করা। সারা বছর ধরে আমাদের কাজ অব্যাহত থাকে এবং হাই স্কুলে ভর্তিকে কেন্দ্র করে পিতামাতাদের দৃষ্টিভঙ্গি থেকে উত্থাপিত বিষয়গুলো আমাদের অফিসকে জানতে সাহায্য করার জন্য আমরা দলটির সাথে একত্রে কাজ করতে থাকি। সর্বশেষে ২০১০ সালের প্রথম দিকে পিতামাতাদের মধ্য থেকে একটি উপদল যেটি আমাদের অ্যাডভাইজরি কাউন্সিলে পরিণত হয়েছিল শিক্ষার্থী ভর্তি দপ্তরকে একটি হাই স্কুল অ্যাডমিশন অ্যাম্বাসেডর (হাই স্কুল ভর্তি দূত) কর্মসূচি চালু করতে উৎসাহিত করে। তিন মাসেরও বেশি সময় ধরে প্রত্যেক সাপ্তাহিক ছুটির দিন এ কর্মসূচি পরিচালিত হয় এবং ৫৩ জন পিতামাতার একটি দলকে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার খুঁটিনাটি বিষয় শেখানো হয়। হাই স্কুল ভর্তি কর্মশালা এবং হাই স্কুল মেলাগুলোতে এই পিতামাতারা সেবাদান করেন এবং এদের মধ্যে কেউ কেউ এমনকি তাদের নিজ ডিস্ট্রিক্টে এই প্রক্রিয়া সম্পর্কে পিতামাতাদের পরামর্শ দিতে শুরু করেছেন।

অ্যাম্বাসেডর কর্মসূচি অব্যাহত রয়েছে। পাশাপাশি পিতামাতাদের এই উপদলটি এবং আমি কলেজের তথ্য নিয়ে একটি পুস্তিকা লেখার বিষয়ে আলাপ-আলোচনা করি। শিক্ষার্থী ভর্তি দপ্তরের কয়েকজন কর্মী তথ্য সংগ্রহ পর্যায়ে পিতামাতাদের সাথে কাজ করতে শুরু করে।

২০১০ সালের নভেম্বরে আমি যখন অবসর গ্রহণ করি সে সময়ের মধ্যে পিতামাতারা এবং আমি পুস্তিকা লেখার বিষয়ে চিন্তা-ভাবনা করে অনেক সময় এবং শ্রম ব্যয় করে ফেলেছিলাম। কিন্তু যেহেতু বিষয়টির সাথে কলেজ জড়িত এবং আমি অফিস ছেড়ে চলে যাচ্ছি তাই আমরা চিন্তা করলাম বিষয়টি আপাতত স্থগিত থাকুক। কিন্তু পিতামাতারা কাজ চালিয়ে যাবার ব্যাপারে আগ্রহী ছিল এবং আমি নিজেও এ ব্যাপারে আগ্রহী ছিলাম।

আমাদের চিন্তাকে বাস্তবরূপ দিতে আমরা প্রতি সপ্তাহে মিলিত হতে শুরু করলাম। আমরা কলেজ প্রস্তুতির ওপর এবং পিতামাতাদেরকে তাদের সন্তানেরা মিডল স্কুল থেকে হাই স্কুল গ্র্যাজুয়েশনের পথে অগ্রসর হওয়ায় যে ক্রান্তিকালটি সম্পর্কে চিন্তা করতে হবে তার ওপর আমরা আলোকপাত করলাম। আমরা মাধ্যমিক পরবর্তী প্রস্তুতি বিষয়ক দপ্তরের সহায়তা পাই।

এটি ছিল অত্যন্ত চমৎকার অভিজ্ঞতা। প্রত্যেক পিতামাতা এ 'গল্পের' ভিন্ন ভিন্ন অংশ বলে থাকেন এবং আমি দিকনির্দেশনা এবং সম্পাদনার ক্ষেত্রে তাদেরকে সাহায্য করি যাতে তারা পুস্তিকাটি রচনা করতে, তাদের চিন্তাগুলোকে চ্যালেঞ্জ করতে এবং এমন এক পুস্তিকা তৈরি করতে পারেন যা তাদের সবাইকে গর্বিত করবে।

শিক্ষা ক্ষেত্রে আমরা যে কাজই করে থাকি না কেন পিতামাতাদের অংশীদারিত্ব অপরিহার্য। চ্যান্সেলর ওয়ালকট এ কাজ অব্যাহত রাখতে সাহায্য করায় আমরা সবাই তার কাছে কৃতজ্ঞ। মাধ্যমিক পরবর্তী প্রস্তুতি বিষয়ক দপ্তরকে এর সহযোগিতার জন্য জানাই বিশেষ ধন্যবাদ; বৃহত্তর ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে এই কাজকে যাচাই করা এবং শেষ পর্যন্ত এই গুরুত্বপূর্ণ কাজটির প্রকাশনার ক্ষেত্রে অফিস অপরিহার্য ভূমিকা পালন করে।

আমার জন্য পিতামাতাদের এই গোষ্ঠীটির সাথে কাজ করা ছিল এক চমৎকার অভিজ্ঞতা। বিশেষ করে গত দু'বছরের অভিজ্ঞতা ছিল রোমাঞ্চকর। কেননা এ কাজ আমার আগের পদের সাথে সংশ্লিষ্ট ছিল না। এটি আমাকে পিতামাতাদের সাথে শিখতে এবং বিকশিত হতে সাহায্য করেছে। আমরা তথ্য সংগ্রহ করেছি, আমাদের অভিজ্ঞতাগুলোকে একত্রিত করতে নিজেদের মধ্যে সহযোগিতা করেছি এবং পিতামাতাদের জন্য পিতামাতাদের লেখা একটি রচনা প্রস্তুত করেছি।

বেভারলি, ক্লদেতে,মুরা, মেই, মনিক, মর্টি, ন্যান্সি এবং রোজ সবাইকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই যারা এ পুস্তিকা রচনায় কঠোর পরিশ্রম করেছেন। আমরা অ্যানি, ব্র্যামোনা এবং ট্রেভারের কাছ থেকে কিছু সাহায্য নিয়েছি। অবশ্যই শত শত পিতামাতা যাদেরকে আমরা চিনি এবং যাদের সাথে বছরের পর বছর আমরা মতামত বিনিময় করছি তারাই আমাদের প্রেরণার আসল উৎস।

এটি ছিল ভালোবাসার পরিশ্রম।

এলিজাবেথ এ সিয়াবেরা

# পিতামাতাদের মধ্যে প্রধান প্রদায়ক

**ক্লদেতে আগার্ড**

আমি কেবল আমার সন্তানদের সাফল্য লাভে সাহায্য করতে নয়, বরং তাদের স্কুলের সব শিক্ষার্থীদের সাহায্য করতে প্যারেন্ট লিডার হয়েছি। আমি সিদ্ধান্ত গ্রহণ করি যে এ লক্ষ্য অর্জনে আমার জন্য সবচেয়ে ভালো পন্থা হল পিতামাতাদেরকে সেই তথ্য, জ্ঞান এবং উপলব্ধি প্রদান করা যা তাদের সন্তানদের সাহায্য করার ক্ষেত্রে তাদের সক্রিয় ভূমিকা পালনের জন্য প্রয়োজন। আমি মিডল স্কুল এবং হাই স্কুল পর্যায়ে প্যারেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছি, বরো অব ম্যানহাটান হাই স্কুল প্রেসিডেন্টস কাউন্সিলের প্রেসিডেন্ট হিসেবে এবং চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের যুগ্ম সভাপতি হিসেবে শহরভিত্তিক পর্যায়ে দায়িত্ব পালন করেছি। আমি নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের পিতামাতা সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছি, যা আমাকে নিবন্ধন পর্যালোচনা (এসইউআরআর) দলের অধীন অন্তত পাঁচটি স্কুলে দায়িত্ব পালনের সুযোগ প্রদান করে। বর্তমানে আমি ব্রুকলিনে ডিস্ট্রিক্ট ১৭-এর জন্য কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছি।

**এস মেই চ্যান**

আমি একজন অভিবাসী যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে শিক্ষা লাভ করেছে। আমার সন্তানের অভিজ্ঞতা থেকে আমি এ কথা বিশ্বাস করি যে আমাদের সন্তানদের জন্য সর্বোচ্চ সুফল লাভ করতে আমাদেরকে স্কুলের সাথে সক্রিয় অংশীদার হিসেবে কাজ করতে হবে। ব্রুকলিন টেকনিক্যাল হাই স্কুলে প্যারেন্ট কোঅর্ডিনেটর হিসেবে আমার ভূমিকা পালনকালে আমি শিক্ষার্থীদের সফল তরুণ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে যেসব চ্যালেঞ্জ রয়েছে সেগুলো সম্পর্কেও অন্তর্দৃষ্টি লাভ করি। এই পিতামাতা গোষ্ঠীতে আমার যোগদানের কারণ হল পাবলিক স্কুলের পিতামাতা হিসেবে আমাদের অভিজ্ঞতাগুলোকে একত্রিত করা, পিতামাতা হিসেবে আমরা যা শিখেছি তা ছড়িয়ে দেওয়া এবং একই পরিস্থিতিতে আছে এমন অন্য পিতামাতাদের ক্ষমতায়িত করা। আমাদের মেন্টর লিজ স্কিয়াবারাসহ এই দলের অন্যান্য পিতামাতাদের সাথে কাজ করতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি।

**রোজ ড্যাশ**

আমি আমার ক্যারিয়ারের প্রথমদিকে আমার সন্তানের শিক্ষার সাথে সম্পৃক্ত থাকার গুরুত্ব বুঝতে পেরেছিলাম যাতে আমি তাদেরকে সঠিক পথে পরিচালিত করতে পারি। আমি আমার সন্তানের প্রাথমিক, মাধ্যমিক এবং হাই স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশনের ট্রেজারার এবং তারপর প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করি। আমি ডিস্ট্রিক্ট ২২ লিডারশিপ টিমে এবং চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলে প্রেসিডেন্টস কাউন্সিল থেকে পিতা/মাতা প্রতিনিধি হিসেবে নির্বাচিত হয়েছিলাম। আমি বর্তমানে অ্যাডওয়ার্ড আর মুরো হাই স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছি এবং বিগত নয় বছর ধরে আমি এই পদে বহাল আছি। পিতামাতাদের তাদের সন্তানের শিক্ষা অর্জনের পথে সাহায্য করার জন্য জ্ঞাত সিদ্ধান্ত প্রণেতা হতে গুরুত্বপূর্ণ তথ্য লাভের জন্য সাহায্য প্রয়োজন। এই পুস্তিকা কলেজের প্রস্তুতির বিষয়ে এবং মিডল ও হাই স্কুল গ্রেডে কি কি প্রত্যাশা করা হয় সে সম্পর্কে আমাদের সেরা পরামর্শগুলো অন্যান্য পিতামাতাদের সাথে বিনিময় করে।

**মনিক লিন্ডসে**

আমি একজন একক মাতা। আমার দুটি ছেলে সন্তান রয়েছে। তাদের একজন ব্রুকলিনে পাবলিক হাই স্কুলে পড়ে। এখন যা করা প্রয়োজন তা করার মাধ্যমে আমার সন্তান হাই স্কুল সম্পন্ন করার পর কিভাবে কলেজ এবং ক্যারিয়ারের জন্য প্রস্তুত হয়ে বের হতে পারবে তা আমার ছেলেকে বোঝানোর জন্য আমি কঠোর পরিশ্রম করছি। আমি ২০০৮ সাল থেকে একজন প্যারেন্ট লিডার এবং আমি পিতামাতা সংশ্লিষ্টতার সকল পর্যায়ে অংশগ্রহণ করেছি। আমি প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন, স্কুল লিডারশিপ টিম, টাইটেল ওয়ান প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, ডিস্ট্রিক্ট এবং বরো অ্যাডভাইজরি কাউন্সিল, ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম এবং চ্যান্সেলের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলে দায়িত্ব পালন করি। আমি মিডল এবং হাই স্কুলে একজন লার্নিং লিডার, হাই স্কুল অ্যাডমিশন অ্যাম্বাসেডর এবং আমার গির্জায় এডুকেশন মিনিস্ট্রির একজন সক্রিয় সদস্য। আমি ইউনাইটেড ফেডারেশন অব টিচারস প্যারেন্ট আউটরিচ কমিটি এবং হাই স্কুলের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের একজন সদস্য। সফল স্কুল অভিজ্ঞতা লাভের জন্য আমাদের শিক্ষার্থীদের সর্বোত্তম পথে ধাবিত করতে এই পুস্তিকা প্রয়োজনীয় সকল তথ্য দ্বারা পূর্ণ।

**বেভারলি মারশ্যাক**

আমি আমার সন্তানদের শিক্ষার সাথে ১৯৮৯ সাল থেকে জড়িত যখন আমার প্রথম সন্তান প্রি-কিন্ডারগার্টেনে যেতে শুরু করে। প্রথমদিকে আমি ক্লাসরুমের পেছনে কাজ করি বা ফিল্ড ট্রিপে যাই। সিটিভিত্তিক ভূমিকা পালনের জন্য আমার প্রথম কাজের সুযোগ যখন আসে তখন আমি টাইটেল ওয়ান বৈঠকে আমার ডিস্ট্রিক্টকে প্রতিনিধিত্ব করি। তারপর আমি হাই স্কুল বিষয়ক সিটিভিত্তিক কাউন্সিলে নির্বাচিত হই এবং সেখানে বহু বছর দায়িত্ব পালন করি। ২০০৪ সালে আমি ইউএফটি প্যারেন্ট আউটরিচ কমিটির হাই স্কুল সাব কমিটিতে একজন সক্রিয় সদস্য হিসেবে দায়িত্ব পালন করি যা ডিওই কর্মী, পিতামাতা, শিক্ষক এবং গাইডেন্স কাউন্সিলরদের একত্রে ফোকাস গ্রুপগুলোতে নিয়ে আসে। ২০০৫ সালে এটি ডিওই-এর শিক্ষার্থী ভর্তি দপ্তরের সাথে 'হাই স্কুলকে জানা-পিতামাতাদের জন্য উপকারী পরামর্শ' প্রণয়ন করে। ২০১০ সালে শিক্ষার্থী ভর্তি দপ্তর হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার জন্য "প্যারেন্ট অ্যাম্বেসেডর"দের একটি দলকে প্রশিক্ষণ প্রদান করে। পিতামাতারা তাদের সন্তানের শিক্ষার বিভিন্ন দিক নিয়ে যেভাবে একে অপরের সাথে আলাপ করে আমি এই পুস্তিকাকে দেখছি ঠিক সেভাবেই।

**মর্টি মারশ্যাক**

আমি ব্রংক্স এবং কুইন্সের পাবলিক স্কুলের একজন গর্বিত গ্র্যাজুয়েট এবং আমি সরকারি শিক্ষায় বিশ্বাসী। সাউথ ব্রংক্সের প্রাথমিক স্কুলে তিন বছর শিক্ষকতা করার পর আমি আইনজীবী হিসেবে নতুন ক্যারিয়ার শুরু করি। আমি কৃতজ্ঞ যে নিউ ইয়র্ক পাবলিক স্কুলগুলোতে আমার ছেলেরা উন্নত শিক্ষা লাভ করতে পারবে। তাদের প্রাতিষ্ঠানিক অগ্রগতি অনুধাবনের জন্য আমি হেমন্ত এবং বসন্তের প্রতিটি পিতামাতা-শিক্ষক বৈঠকে এবং সকল পরিচিতিমূলক সভা ও ওপেন স্কুলে অংশ নিয়ে থাকি। যার ফলে আমি আমার ছেলেদের সাথে তাদের শ্রেণির কাজের বিষয়ে কথা বলতে এবং সমস্যা দেখা দিলে তাদেরকে পরামর্শ দিতে প্রস্তুত ছিলাম। আমি ভর্তি প্রক্রিয়ায় একজন উৎসাহী অংশগ্রহণকারী ছিলাম, স্কুল ও স্কুল মেলা পরিদর্শন করি এবং আমার ছেলেদের কলেজের আবেদন প্রক্রিয়া সাজাতে সাহায্য করি। আমার সন্তানেরা যাতে কলেজ ও ক্যারিয়ারের পথে সফল হয় তা নিশ্চিত করতে আমি যা করেছি তার অধিকাংশই এ পুস্তিকাতে রয়েছে।

**মরা ম্যাক গভার্ন**

আমার দুই সন্তান সরকারি প্রাথমিক ও হাই স্কুলে অধ্যয়নের আগে থেকেই আমি পিতামাতাদের সাথে সক্রিয় ছিলাম। আমি তাদের সবাইকে তাদের সন্তানদের সাফল্য লাভে সাহায্য করার জন্য তথ্য পাবার বিষয়ে উদগ্রীব দেখেছি। একজন শিক্ষক ও গাইডেন্স কাউন্সিলর হিসেবে আমি তাদেরকে সাহায্য করতে সক্ষম ছিলাম। মাঝেমাঝে আমি বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের পিতামাতাদের কাছ থেকে আসা প্রশ্নের জবাব দেই। প্রতিটি স্কুলে যে ব্যাপক পরিমাণ তথ্য চাইলেই পাওয়া যেত তা ছিল অবিশ্বাস্য। আমাদের শিক্ষার্থীদের পরিবারগুলো বিভিন্ন ধরনের পটভূমি থেকে আসার কারণে তাদের চাহিদা পূরণ ছিল অত্যন্ত চ্যালেঞ্জিং ব্যাপার। তাদের অনেকেই নিউ ইয়র্ক স্কুল ব্যবস্থার সাথে পরিচিত নয়। তারা এসেছে সিটি, স্টেট বা দেশের বাইরে থেকে। তাদের কেউ কেউ প্রযুক্তি সম্পর্কে অনভিজ্ঞ আবার কেউ কেউ ইংরেজিতে কথা বলতে পারে না। সাফল্য লাভে তাদের সন্তানদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য তাদের সবারই তথ্য প্রয়োজন। আমার সময় ও শ্রম দিয়ে, সব পিতামাতা ও অভিভাবকদের জন্য নির্দেশনা সাজাতে, ব্যাখ্যা ও প্রকাশ করতে সাহায্য করার মাধ্যমে পিতামাতারা যাতে তাদের সন্তানদের সম্পর্কে প্রয়োজনীয় তথ্য পেতে পারে তা নিশ্চিত করার এই প্রচেষ্টার অংশ হতে পেরে আমি আনন্দিত।

**ন্যান্সি শের**

আমি এক মেয়ে যমজ সন্তানের একক মাতা। আমার সন্তানেরা বর্তমানে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থায় হাই স্কুলে সফোমর হিসেবে অধ্যয়ন করছে। আমার কাছে হাই স্কুল আবেদন প্রক্রিয়াকে জটিল এবং আত্মবিশ্বাস কমিয়ে দেয়ার মত বলে মনে হয়। এই পুস্তিকা আমার মত অভিভাবকরা লিখছে যারা তাদের সন্তানদের চমৎকার শিক্ষা প্রদান করতে চায় এবং তাদের সন্তানেরা কলেজ বা ইউনির্ভাসিটিতে পড়বে বলে স্বপ্ন দেখে যেটি তাদেরকে ভবিষ্যৎ কর্মক্ষেত্রের জন্য তৈরি ও প্রস্তুত করবে। সন্তানদের শিক্ষা ও ক্যারিয়ারের আকাঙ্ক্ষা পূরণে সহায়তা করার জন্য সব পিতামাতাদের যে জ্ঞান এবং চাহিদা থাকা প্রয়োজন এই পুস্তিকা তার প্রতিফলন ঘটিয়েছে। আমি আশা করছি এই পুস্তিকায় উপস্থাপিত আমাদের সমষ্টিগত অভিজ্ঞতা আপনার সন্তানের জন্য আপনার প্রচেষ্টায় সুফল বয়ে আনবে।

*প্রথম দিককার প্রদায়ক:* পিতামাতা **ট্রেভর বাউজ, র‍্যামোনা ক্লয়েড, অ্যানি লিউংজ**

# ভূমিকা

আমরা কয়েকজন পিতামাতা এই পুস্তিকাটি লিখেছি আপনাদের জন্য- অন্যান্য পিতামাতা, অভিভাবক ও পরিচর্যাকারীদের জন্য যারা গ্রেড ৬ থেকে ১২ পর্যন্ত তাদের সন্তানদের শিক্ষাযাত্রায় সহায়তা করেন, যেমনটি করতে আমরা শিখেছি। স্কুল ক্যারিয়ারের প্রতিটি মাইলফলকের জন্য আপনার সন্তানকে প্রস্তুত করতে উপদেশ ও তথ্য দিতে এটি প্রণীত হয়েছে। আমাদের অভিজ্ঞতা ব্যবহার করে আমরা চেষ্টা করেছি দেখাতে কিভাবে আপনি আপনার সন্তানকে এক মাইলফলক থেকে পরবর্তী মাইলফলকে, মিডল স্কুল থেকে হাই স্কুলে যেতে এবং পরবর্তীতে কলেজ ও ক্যারিয়ারের সুযোগ কাজে লাগাতে সাহায্য করতে পারেন। আমরা জেনেছি যে, সব শিক্ষার্থীকে বুঝতে হবে কিভাবে কলেজ ও চাকুরির চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ করতে হবে। আমরা আরো শিখেছি যে এই প্রস্তুতি শুরু হয় হাই স্কুলের আগেই; যত আগে হয় ততই ভালো। আমরা সিদ্ধান্ত নিয়েছি মিডল স্কুল বছরগুলো থেকে হাই স্কুলের উপর মনযোগ নিবদ্ধ করতে। এসব বছরে প্রি-টিন ও টিন-এজারদের সাথে কাজ করা আমাদের সকলের জন্যই সার্বক্ষণিক শিক্ষণ অভিজ্ঞতা।

আমরা জেনেছি যে, মিডল ও হাই স্কুলে শিক্ষার্থীদের প্রস্তুত করলে সেটা কলেজ ও ক্যারিয়ার সম্পর্কে জ্ঞাত সিদ্ধান্ত নিতে সাহায্য করে। ভালো প্রাতিষ্ঠানিক প্রস্তুতি ও উচ্চতর পরিকল্পনার মাধ্যমে আমরা আমাদের শিশুদের জন্য হাই স্কুলের পর সর্বোচ্চ সংখ্যক বিকল্পের ব্যবস্থা রাখতে পারি- যাতে আছে দুই বা চার বছরের কলেজ (সার্টিফিকেট, লাইসেন্স ও অ্যাসোসিয়েট বা স্নাতক ডিগ্রি পেতে), কারিগরি ও বৃত্তিমূলক কর্মসূচি, শিক্ষানবিশি, বা কাজের মধ্যে প্রশিক্ষণ। আমাদের সন্তানরা যখন মিডল স্কুল থেকে হাই স্কুলে ও পরে কলেজে যাবে, তখন আমরা জানি যে, তারা যেসব কোর্স পড়ে সেসব ও যে পদ্ধতির ভেতর দিয়ে স্কুলের কাজ করে সে পদ্ধতি তাদেরকে গভীরভাবে প্রভাবিত করে।

# কলেজ ও ক্যারিয়ারে প্রস্তুতি:
# এটা কি আর কেন সেটা সব শিক্ষার্থীর জন্য গুরুত্বপূর্ণ

কলেজের প্রস্তুতি কেবল হাই স্কুল ডিপ্লোমা অর্জনের মধ্যেই সীমিত নয়। আমরা "কলেজের জন্য প্রস্তুত" শব্দটি ব্যবহার করছি এটা বোঝাতে যে সংশ্লিষ্ট শিক্ষার্থীর কলেজ কোর্স সফলভাবে সম্পন্ন করার জন্য জ্ঞান, দক্ষতা, ও আচরণ আছে। কিছু মৌলিক দক্ষতা ও আচরণ এই পুস্তিকায় নির্দেশ করা আছে।

মিডল স্কুলের শুরু থেকেই আপনার সন্তানের উচিত প্রাতিষ্ঠানিক পথ অনুসরণ করা যাতে সে প্রতিকারমূলক ক্লাসে অংশ না নিয়েই কলেজে পা রাখতে পারে। প্রতিকারমূলক ক্লাস হলো যেসব শিক্ষার্থী কলেজ পর্যায়ের কোর্সের জন্য যথেষ্ট প্রস্তুত নয় সেসব শিক্ষার্থীর জন্য মৌলিক দক্ষতার কোর্স। যেসব শিক্ষার্থী কলেজে ভর্তি পরীক্ষার জন্য যথেষ্ট স্কোর করতে না পারে তাদের জন্য প্রতিকারমূলক ক্লাস আবশ্যক। এসব কোর্সে কোনো ক্রেডিট নেই, কিন্তু এতে আপনার টাকা খরচ হবে। উপরন্তু, কলেজ প্রস্তুতির জন্য প্রয়োজন কোর্স ছাড়াও আরো বেশি কিছু। এছাড়াও, আপনার সন্তানকে গড়ে তুলতে হবে কঠোর কর্মাভ্যাস, পড়াশোনার দক্ষতা এবং আন্তঃব্যক্তিক ও সামাজিক দক্ষতা, যাকে আমরা বলি প্রাতিষ্ঠানিক আচরণ। এসব আচরণ হাই স্কুল শেষে আকর্ষণীয় সুযোগ তৈরিতে আবশ্যক উচ্চপর্যায়ের নৈপুণ্য দেখাতে তাকে সাহায্য করে।

আজকের দিনে ক্যারিয়ারের সুযোগ খুবই ভিন্ন। আমাদের দুনিয়া উদ্ভাবন ও প্রযুক্তি দ্বারা চালিত। চাকরি, পেশা ও ক্যারিয়ারের জন্য ন্যূনতম প্রয়োজন হাই স্কুলের বাইরে সুনির্দিষ্ট বিশেষায়িত প্রশিক্ষণ, আর ভালো বেতনের চাকরির জন্য প্রয়োজন কলেজ বা কলেজ-উত্তর ডিগ্রি। অন্য কথায়, কেবল হাই স্কুল পাশ করা একজন শিক্ষার্থীর সুযোগ খুব কম। বেশি শিক্ষা গ্রহণ করলে নিচের সুযোগগুলো বাড়বে:

- বেশি ও ভালো চাকরির সুযোগ ও পছন্দ
- বেশি আয়ের সম্ভাবনা
- বেশি কর্মসংস্থানের সুযোগ ও কাজের স্থিতিশীলতা
- আরো বেশি সুবিধা যেমন, স্বাস্থ্যবীমা
- চাকরির বাজারে আরো বেশি প্রতিযোগিতামূলক বিকল্প

**উচ্চতর শিক্ষার স্তর আয়ের সুযোগ বৃদ্ধি করে**

দ্রুত-বর্ধমান ২১শ শতাব্দির অধিকাংশ চাকরিতেই হাই স্কুলের উপরের শিক্ষা প্রয়োজন

| শিক্ষার স্তরের উপর ভিত্তি করে গড় আয়: | |
|---|---|
| হাই স্কুল থেকে ঝড়ে পড়া | $23,088 |
| হাই স্কুল ডিপ্লোমা | $32,552 |
| ২ বছরের কলেজ ডিগ্রি | $39,884 |
| ৪ বছরের কলেজ ডিগ্রি | $53,976 |
| পেশাদার ডিগ্রি | $83,720 |

*সূত্র: ইউ.এস. ডিপার্টমেন্ট অব লেবার,*
*ইউ.এস. ব্যুরো অব লেবার স্ট্যাটিস্টিকস, ২০১১*

# পিতামাতা/অভিভাবক সংশ্লিষ্টতা

পিতামাতা হিসেবে আমাদের সন্তানদের শিক্ষাযাত্রায় আমাদের রয়েছে গুরুত্বপূর্ণ প্রভাব। আমাদের শক্তি রয়েছে শিক্ষার মূল্য ও গুরুত্ব সম্পর্কে আমাদের সন্তানদের মনোভাব ও বিশ্বাস গড়ে তোলার। আমাদের সন্তানদের বেড়ে ওঠা ও শেখার সময় তারা যেন তাদের নিজেদের শিক্ষায় আরো বেশি ভূমিকা নিতে পারে এবং এটাই উচিত।

# প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত আচরণ

স্কুলে সাফল্য লাভের জন্য শিক্ষার্থীদের যেসব প্রয়োজনীয় কাজ ও আচরণ জানা প্রয়োজন সেসবের সাথে আমাদের পরিচিত হওয়াটা খুব গুরুত্বপূর্ণ। এসব কাজকে আমরা বলি "প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত আচরণ"।

| শিক্ষার্থীর প্রয়োজনীয় আচরণ/দক্ষতা<br>(লেখাপড়া ও ক্যারিয়ারে সাফল্যের সাথে সংযুক্ত) | শিক্ষার্থীদের জন্য আদর্শ আচরণ<br>("সফল শিক্ষার্থীদের" দেখানো অভ্যাস কি আপনার সন্তান অনুসরণ করে?) | পিতামাতাদের কৌশল<br>(বিভিন্ন সংস্থা থেকে এবং একই গ্রেড অথবা এক বা দুই বছর আগের শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে থেকে সহায়তা ও পরামর্শ চাওয়া ছাড়াও) |
|---|---|---|
| **নিয়মিত উপস্থিতি** | প্রকৃত অসুস্থতা ছাড়া, ঝগড়া না করে সে কি স্কুলে যায়?<br><br>সে কখনো স্কুল খোলা থাকা অবস্থায় একদিন "ছুটি" দাবি করে না। | ডিওই ওয়েবসাইট, প্যারেন্ট কোঅর্ডিনেটর বা গাইডেন্স অফিস থেকে স্কুল ক্যালেন্ডার সংগ্রহ করুন। ছুটি, পরীক্ষা, অর্ধদিবস ও পিতামাতা-শিক্ষক বৈঠকের তারিখ চিহ্নিত করে রাখুন। |
| **সময়ানুবর্তিতা** | সব অনুষ্ঠানের জন্য সে কি সময়মত প্রস্তুত থাকে? পথিমধ্যে দেরি হওয়ার আশঙ্কায় সে কি কমপক্ষে ১৫ মিনিট বেশি সময় হাতে নিয়ে বাড়ি থেকে বের হয়? | স্কুলের পোশাক ও জ্যাকেট সহজে পাওয়ার জন্য দরজার কাছে একটি স্থান নির্দিষ্ট করে রাখুন। সন্ধ্যায় দেখে রাখুন পোশাক, স্কুল ব্যাগ ও অন্য কাগজপত্র পরবর্তী দিনের জন্য প্রস্তুত আছে কিনা। |
| **সহযোগিতা/সম্মিলিতভাবে কাজ করা** | সে কি বাড়ির কাজ ও প্রকল্পে অন্যদের সাথে কাজ করে?<br><br>দলগতভাবে কাজের সময় সে কি নিজের অংশের কাজ ন্যায্যভাবে করে? | বাড়িতে অন্যদের সাথে করার জন্য বয়স উপযোগী কাজ দিন।<br><br>সহপাঠীদের ফোনবুক তৈরিতে সাহায্য করুন।<br><br>প্রকল্পে একসাথে কাজ করার জন্য আপনার সন্তানের বন্ধুদের আপনার বাসায় আমন্ত্রণ জানান। |
| **কার্যকর যোগাযোগ** | সে কি প্রশ্নের উত্তর দেয় বা অতিরিক্ত তথ্য চায়?<br><br>সে কি স্পষ্টভাবে কথা বলে এবং সহজে বোধগম্য শব্দ ব্যবহার করে? | অন্য কারো সাথে, এমনকি আপনার সন্তানের সাথে কথা বলার সময় চোখে চোখ রেখে কথা বলুন।<br><br>নির্দেশনা দেওয়ার সময় যতটা সম্ভব পরিষ্কার করে দিন।<br><br>শব্দভান্ডার তৈরি করতে পড়ায় উৎসাহিত করুন। |

(পূর্ববর্তী পৃষ্ঠার পর থেকে)

| শিক্ষার্থীর প্রয়োজনীয় আচরণ/দক্ষতা<br>(লেখাপড়া ও ক্যারিয়ারে সাফল্যের সাথে সংযুক্ত) | শিক্ষার্থীদের জন্য আদর্শ আচরণ<br>("সফল শিক্ষার্থীদের" দেখানো অভ্যাস কি আপনার সন্তান অনুসরণ করে?) | পিতামাতাদের কৌশল<br>(বিভিন্ন সংস্থা থেকে এবং একই গ্রেড অথবা এক বা দুই বছর আগের শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে থেকে সহায়তা ও পরামর্শ চাওয়া ছাড়াও) |
|---|---|---|
| **নিজের ও অন্যদের প্রতি সম্মান** | বাধা সৃষ্টি না করে সে কি অন্যদের কথা শোনে?<br><br>সে কি বাসায়, খেলায় এবং স্কুলে নিয়মকানুন মেনে চলে? | আপনার সন্তানকে দেখান আপনি মানুষের কথা শোনেন; আপনি যা চান তাই তাড়াহুড়ো করে বলবেন না।<br><br>আপনার সন্তানের সাথে সমস্যা নিয়ে আলোচনা করুন; ঘটনার দুই দিকই বর্ণনা করুন। |
| **নির্ভরযোগ্যতা:** অঙ্গীকার পূরণ করে ও দায়িত্ব পালন করে | স্মরণ করিয়ে দেওয়া ছাড়া সে কি কাজ করে?<br><br>প্রতিশ্রুতি অনুযায়ী কি সে কাজ সম্পন্ন করে?<br><br>জিজ্ঞাসা করা ছাড়া কি সে আপনাকে স্কুলের নোটিস দেয়? | আপনার সন্তানের সাথে নির্দিষ্ট অ্যাসাইনমেন্ট বা কাজের সব ধাপের একটি তালিকা লিখুন। প্রতিটি ধাপ শেষ করার পর তাকে দিয়ে সে ধাপটি কেটে দিন।<br><br>সব স্কুল নোটিসের জন্য একটি জায়গা নির্ধারণ করুন যাতে আপনার সন্তান জানে কোথায় রাখতে হবে। (প্রতিদিন আপনি অবশ্যই সেগুলো দেখবেন) |
| **পড়ার দক্ষতা:** প্রাতিষ্ঠানিক পড়া বোঝার উন্নতি করতে কাজ করা, অর্পিত কাজে মনোযোগ দিতে এবং পড়া ও লেখার কাজে ভালো করার সামর্থ্য | সে কি প্রতিদিন ক্লাসের নোট পর্যালোচনা করে?<br><br>সে কি বাসায় পাঠ্যবই (শিক্ষকের দেওয়া অন্যান্য জিনিস) ব্যবহার করে?<br><br>সে কি সেল ফোন, টিভি বা কম্পিউটার ছাড়া (যদি না অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে লাগে) অ্যাসাইনমেন্টের কাজ করে? | রাতে বাড়ির কাজ করার জন্য আপনার সন্তানের জন্য একটি স্থান নির্দিষ্ট করে দিন।<br><br>গোছানোর জন্য নোটবই চেক করুন। বিষয়গুলো আলাদা সেকশনে থাকবে এবং তারিখ অনুযায়ী কাজ ভাগ করা থাকবে।<br><br>আপনার সন্তানকে বলুন দিনের পড়া আপনাকে ব্যাখ্যা করে বোঝাতে।<br><br>স্কুল/বাড়ির কাজের প্লানার ক্যালেন্ডার তৈরি করতে আপনার সন্তানকে সাহায্য করুন।<br><br>খেয়াল রাখুন আপনার সন্তান যেন প্রাতিষ্ঠানিক সব বিষয় পড়ে এবং কোনো ক্লাসের বাড়ির কাজের অ্যাসাইনমেন্টে অবহেলা না করে। সবচেয়ে কঠিন বাড়ির কাজ প্রথমে করতে উ⃞সাহিত করুন, শেষে নয়। |

(পূর্ববর্তী পৃষ্ঠার পর থেকে)

| **শিক্ষার্থীর প্রয়োজনীয় আচরণ/দক্ষতা**<br>(লেখাপড়া ও ক্যারিয়ারে সাফল্যের সাথে সংযুক্ত) | **শিক্ষার্থীদের জন্য আদর্শ আচরণ**<br>("সফল শিক্ষার্থীদের" দেখানো অভ্যাস কি আপনার সন্তান অনুসরণ করে?) | **পিতামাতাদের কৌশল**<br>(বিভিন্ন সংস্থা থেকে এবং একই গ্রেড অথবা এক বা দুই বছর আগের শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে থেকে সহায়তা ও পরামর্শ চাওয়া ছাড়াও) |
|---|---|---|
| **কাজের নৈতিকতা:** কাজ কঠিন বা নিরানন্দময় হলেও সম্পূর্ণ ও সময়মত কাজ সম্পন্ন করার ইচ্ছা | সে কি মনে করিয়ে দেওয়া ছাড়া কাজ করে?<br><br>সে কি প্রতিদিন অ্যাসাইনমেন্ট সম্পন্ন করে?<br><br>সে কি নির্ধারিত সময়ের আগেই দীর্ঘ মেয়াদি প্রকল্পে অগ্রগতি করে? | অ্যাসাইনমেন্ট দেওয়ার পর যত দ্রুত সম্ভব আপনার সন্তানকে অ্যাসাইনমেন্ট শুরু করার জন্য উৎসাহিত করুন।<br><br>প্রতিবারই নিজের সেরা কাজ করার প্রয়োজনীয়তা বলে দিন।<br><br>বাড়ির পড়ার জন্য প্রতিদিন সময় দিন। |
| **আত্ম-উপলব্ধি:** নিজের সবল ও দুর্বল জায়গা এবং বিভিন্ন পরিস্থিতিতে কি ভালো কাজ করে সেটা চিহ্নিত করার সামর্থ্য; দক্ষতা বৃদ্ধিতে চেষ্টা করার জন্য তৈরি থাকা | আপনার সন্তান যদি ক্যারিয়ারের লক্ষ্য সূচনা করে থাকে, তাহলে তার দক্ষতার সাথে কি এর মিল আছে? (যেমন, চিকিৎসা পেশায় আগ্রহী একজন শিক্ষার্থীকে অবশ্যই বিজ্ঞান ও গণিতে ভালো হতে হবে।)<br><br>সে কি কঠিন বাড়ির কাজ প্রথমে করে তারপর 'সহজগুলো' করে? আপনার সন্তানের উচিত হবে বিন্যাস পরিবর্তন করা যতক্ষণ না সে নিজের জন্য সর্বোত্তম, সর্বাধিক সময়-সাশ্রয়ী বা সহজসাধ্য পদ্ধতি বের করতে পারে। | স্কুল ও কম্যুনিটিতে যোগদান করে আপনার সন্তানকে আগ্রহের চাহিদা মেটাতে সাহায্য করুন।<br><br>গ্রন্থাগার, যাদুঘর, ঐতিহাসিক স্থান পরিদর্শনের ব্যবস্থা করুন। |
| **উদ্দীপনা:** অতিরিক্ত শিক্ষা সমৃদ্ধকরণ চায় | পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে সে কি অংশগ্রহণ করে?<br><br>সে কি শহরের বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠান পরিদর্শন করে? | স্কুল ও কম্যুনিটিতে যোগদান করে আপনার সন্তানকে আগ্রহের চাহিদা মেটাতে সাহায্য করুন।<br><br>গ্রন্থাগার, যাদুঘর, ঐতিহাসিক স্থান পরিদর্শনের ব্যবস্থা করুন। |

(পূর্ববর্তী পৃষ্ঠার পর থেকে)

| শিক্ষার্থীর প্রয়োজনীয় আচরণ/দক্ষতা<br>(লেখাপড়া ও ক্যারিয়ারে সাফল্যের সাথে সংযুক্ত) | শিক্ষার্থীদের জন্য আদর্শ আচরণ<br>("সফল শিক্ষার্থীদের" দেখানো অভ্যাস কি আপনার সন্তান অনুসরণ করে?) | পিতামাতাদের কৌশল<br>(বিভিন্ন সংস্থা থেকে এবং একই গ্রেড অথবা এক বা দুই বছর আগের শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে থেকে সহায়তা ও পরামর্শ চাওয়া ছাড়াও) |
|---|---|---|
| **লেখা:** চিন্তা সংগঠিত করা, বিশাল শব্দভান্ডার ব্যবহার করা, সম্পাদনা করা এবং মতামত অন্তর্ভুক্ত করতে পুনরায় লেখা; সঠিক ব্যাকরণ, বানান ও প্রয়োগ ব্যবহার করে স্পষ্টভাবে ধারণা উপস্থাপন করা | সে কি দীর্ঘ অ্যাসাইনমেন্টের জন্য একটি রূপরেখা লেখে, তারপর সংশোধন করে, খসড়া লেখে এবং আবার সংশোধন করে? শিক্ষকের জন্য লেখা বা টাইপ করার আগে চূড়ান্ত খসড়াটির বানান ও ব্যাকরণ যাচাই করে দেখা উচিত। | আপনার সন্তানকে প্রতিদিন পড়তে দিন। এতে তার শব্দভাণ্ডার বৃদ্ধি পায়।<br><br>আপনার সন্তানের সাথে অ্যাসাইনমেন্টের প্রথম খসড়া দেখুন; এটি আরো ভালো করার জন্য পরামর্শ দিন; বিষয়টি সম্পর্কে জানে এমন কাউকে খসড়াটি দেখান।<br><br>খেয়াল রাখুন আপনার সন্তান যেন বন্ধু বা ওয়েবসাইট থেকে লেখা নকল না করে। |
| **বিশ্লেষণ:** ডাটা ও অন্যান্য তথ্য ব্যবহার, বক্তব্য তুলনা করা, ছক ও তথ্য ব্যাখ্যা করা এবং সারাংশ তৈরি করার সামর্থ্য | সে কি বাস্তব তথ্য, ধারণা ও মতামতের মধ্যে পার্থক্য জানে?<br><br>দুই বা ততোধিক তথ্যের মধ্যে সে কি প্রতিটি আলাদা 'বাস্তব তথ্যকে' চিহ্নিত করতে পারে এবং বলতে পারে প্রতিটি অন্যটি থেকে কিভাবে আলাদা বা ভিন্ন? | সংবাদপত্র ও ম্যাগাজিনের টেবিল, ছক ও চিত্র নির্দেশ করুন।<br><br>আপনার সন্তানকে বলুন ছক বা টেবিল আপনার কাছে ব্যাখ্যা করতে। |
| **ব্যাখ্যা করা:** বাস্তব-ভিত্তিক উত্তরে যুক্তি/কার্যকারণের ব্যবহার; সামঞ্জস্য ও বৈপরিত্য জানা | নির্দিষ্ট কাজের ফলাফল কি সে চিহ্নিত করতে পারে? (তুষারপাত হলে কাউকে সেগুলো সরাতে হবে!) | আপনার সন্তানকে এমন প্রশ্ন করুন যাতে বাস্তব তথ্য বা বিস্তারিত উত্তর দিতে হয়, কেবল হ্যাঁ বা না নয়।<br><br>কাজ দেখার সময় আপনার সন্তানকে জিজ্ঞেস করুন উত্তরটি সম্পন্ন করতে আরো কিছু যোগ করা যায় কিনা। |

(পূর্ববর্তী পৃষ্ঠার পর থেকে)

| **শিক্ষার্থীর প্রয়োজনীয় আচরণ/দক্ষতা**<br>(লেখাপড়া ও ক্যারিয়ারে সাফল্যের সাথে সংযুক্ত) | **শিক্ষার্থীদের জন্য আদর্শ আচরণ**<br>("সফল শিক্ষার্থীদের" দেখানো অভ্যাস কি আপনার সন্তান অনুসরণ করে?) | **পিতামাতাদের কৌশল**<br>(বিভিন্ন সংস্থা থেকে এবং একই গ্রেড অথবা এক বা দুই বছর আগের শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে থেকে সহায়তা ও পরামর্শ চাওয়া ছাড়াও) |
|---|---|---|
| **সূক্ষ্মতা ও নির্ভুলতা:** তথ্য বারবার পর্যালোচনার পর সুনির্দিষ্ট বাস্তব-ভিত্তিক উত্তর দেওয়া | প্রশ্নের উত্তরে সে কি সুদিনিষ্ট বিষয় বা বাস্তব তথ্যের তালিকা দেয়? পড়া বা গবেষণার পর সে কি তালিকায় আরো আইটেম যোগ করতে পারে? | আপনার সন্তানকে এমন প্রশ্ন করুন যাতে বাস্তব তথ্য বা বিস্তারিত উত্তর দিতে হয়, কেবল হ্যাঁ বা না নয়।<br><br>কাজ দেখার সময় আপনার সন্তানকে জিজ্ঞেস করুন উত্তরটি সম্পন্ন করতে আরো কিছু যোগ করা যায় কিনা। |
| **সমস্যা সমাধান:** সমস্যা সমাধানে এবং সবচেয়ে উপযুক্তটি বাছাই করতে বিভিন্ন কৌশল ব্যবহার করা; সৃজনশীলভাবে চিন্তা করা এবং কৌশল সমন্বয় ও নতুন কৌশল তৈরি করা | কাজ দেওয়া হলে সে কি তথ্য আহরণের জন্য বিভিন্ন পন্থা, যেমন, পাঠ্যবই, বিশ্বকোষ, কম্পিউটারে অনুসন্ধান, সংবাদপত্র, সংবাদ ম্যাগাজিন বা অন্যান্য প্রকাশনা ব্যবহার করে? অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে সবচেয়ে ভালো তথ্য যাতে আছে তার উচিত সেটা নির্বাচন করা। | দৈনন্দিন কাজ করতে গিয়ে কোনটি আগে করবেন সে সিদ্ধান্ত নিন অথ্যা আপনি কিভাবে অগ্রাধিকার নির্ধারণ করবেন সেটা আপনার সন্তানকে বলুন।<br><br>কাজ অন্য কিভাবে সম্পন্ন করা যায় সেটা নির্দেশ করুন। ব্যাখ্যা করুন আপনি কিভাবে 'সর্বোত্তম পথ'টি বেছে নিলেন। |

প্রাতিষ্ঠানিক আচরণ জোরদার হয় যখন পিতামাতারা স্কুলের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে। পিতামাতা হিসেবে আমাদের উচিত স্কুলের কাছে আমাদের উদ্বেগ প্রকাশ, আমাদের সন্তানদের সাফল্যের জন্য কি কি প্রয়োজন সেসব বুঝতে স্কুলকে বলা, এবং আমাদের সন্তানদের সম্ভাব্য সর্বোত্তম শিক্ষা লাভে সহায়তা করতে একযোগে কাজ করার পদ্ধতি বের করা। আমরা দেখেছি যে, পিতামাতা শিক্ষক বৈঠকে যোগদান খুবই গুরুত্বপূর্ণ, প্রি-কিন্ডারগার্টেন থেকে ১২তম গ্রেড পর্যন্ত। এটি আমাদের সন্তানদের একটি শক্তিশালী বার্তা পাঠায় যে, আমরা তাদের ব্যাপারে যত্নশীল এবং স্কুলকে শক্তিশালী বার্তা পাঠায় যে, আমরা আমাদের সন্তানদের জন্য সর্বোত্তমটাই চাই।

# সাধারণ মূল শিক্ষণমান

নিউ ইয়র্ক স্টেট সম্প্রতি একগুচ্ছ নতুন শিক্ষণমান গ্রহণ করেছে যা 'সাধারণ মূল শিক্ষণমান' নামে পরিচিত। এসব মান ক্রমান্বয়ে ২০১৫ সালের মধ্যে চালু করা হবে।

সাধারণ মূল শিক্ষণমান স্পষ্টভাবে বলে দেয় প্রতিটি গ্রেড স্তরে শিক্ষার্থীদের কি কি জানা উচিত এবং কি কি করতে সক্ষম হবে যাতে তারা হাই স্কুল পাশ করার পর কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত হয়। নিউ ইয়র্ক সিটির জন্য এর অর্থ হলো স্কুলগুলো আগামী তিন বছরে ক্লাসরুমের শিক্ষায় এসব নতুন মান অন্তর্ভুক্ত করবে। সাধারণ মূল শিক্ষণমান সম্পর্কে আরো জানতে দেখুন: schools.nyc.gov/Academics/CommonCoreLibrary

সাধারণ মূল শিক্ষণমানের সাথে থাকবে সংশোধিত নিউ ইয়র্ক স্টেট (এনওয়াইএস) মূল্যায়ন পরীক্ষা। এসব নতুন পরীক্ষা আমাদের শিক্ষার্থীরা কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত কিনা তা আমাদেরকে- শিক্ষার্থী ও শিক্ষকদেরকে- প্রতিটি গ্রেড পর্যায়ে বুঝতে সাহায্য করবে।

# পরীক্ষা

পরীক্ষা দেওয়ার ব্যাপারে ইতিবাচক মনোভাব গড়ে তুলতে এবং আতংক ও উদ্বেগ কমাতে আমাদের শিক্ষার্থীদের সাহায্য করা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। আমাদের শিক্ষার্থীদের জন্য পড়াশোনার জন্য ভালো জায়গার প্রয়োজন। আমরা আমাদের শিক্ষার্থীদের স্মরণ করিয়ে দিতে পারি যে, প্রতিদিন বাড়ির কাজ করে, পড়াশোনা করে এবং ক্লাসে অংশগ্রহণ করলে তারা পরীক্ষার জন্য প্রস্তুত হবে। আমাদের শিক্ষার্থীরা নিচের সাইটে গিয়ে অতিরিক্ত সাহায্য ও তথ্য পেতে পারে:

www.homeinstructionschools.com/shack/3-8examreview.html

www.homeinstructionschools.com/regents.htm

www.regentsreviewlive.net

www.regentsprep.org

কলেজ ও ক্যারিয়ারের লক্ষ্যে যেতে আমাদের সন্তানরা যখন মিডল স্কুল থেকে হাই স্কুলে পদার্পণ করে, তখন নিউ ইয়র্ক স্টেট পরীক্ষা ও রিজেন্টস পরীক্ষা বিভিন্ন বিষয়ে তারা কি শিখছে তা পরিমাপ করে। মিডল স্কুল ও হাই স্কুলে শিক্ষার্থীদের অভিজ্ঞতার পুরো সময়ে তাদেরকে পর্যাবৃত্ত মূল্যায়নও করা হয়। স্কুল এসব ব্যবহার করে মৌলিক বিষয়গুলোতে প্রাতিষ্ঠানিক দক্ষতায় সবল ও দর্বল দিকগুলো নির্ধারণ করার জন্য। এসব পরীক্ষা ব্যবহৃত শিক্ষার্থী ও শিক্ষকদের সাহায্য করার জন্য এবং যাতে আপনাদের মত পিতামাতারা কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুতিতে আপনাদের সন্তানকে সহায়তায় নতুন নতুন পন্থা নিয়ে আসে।

*উত্তম শিক্ষণ অভ্যাস গড়ে তুলতে আমাদের দরকার আমাদের সন্তানদের সাহায্য করা, যা তাদের পরীক্ষার প্রস্তুতিতে এবং পরীক্ষা দিতে সহায়তা করবে।*

উত্তম শিক্ষণ অভ্যাস গড়ে তুলতে আমাদের দরকার আমাদের সন্তানদের সাহায্য করা, যা তাদের পরীক্ষার প্রস্তুতিতে এবং পরীক্ষা দিতে সহায়তা করবে। আমাদের উচিত মিডল স্কুল ও হাই স্কুল বছরগুলোতে উচ্চমানসম্পন্ন কোর্স নিতে এবং সব পরীক্ষায় ভালো করার জন্য কঠোর পরিশ্রম করতে তাদেরকে উৎসাহিত করা।

বিশেষ দ্রষ্টব্য: এটা মনে রাখা জরুরি যে, আপনার সন্তানের যদি সেকশন ৫০৪ সুবিধাসহ ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা (আইইপি) থাকে, তাহলে আপনার সন্তান কলেজ ভর্তি পরীক্ষাসহ বিভিন্ন পরীক্ষায় অতিরিক্ত সময় বা অন্যান্য বিশেষ সুবিধা পাবে। যদি আপনার সন্তানের 'ইংরেজিতে সীমিত দক্ষতা' থাকে বা সে 'ইংরেজি ভাষা শিক্ষার্থী' হয়, তাহলে সে মাতৃভাষায় পরীক্ষা দিতে পারে বা অতিরিক্ত সময় বা অন্যান্য বিশেষ সুবিধা পাবে।

## মিডল ও হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্ক স্টেট পরীক্ষা

### মিডল স্কুল

মিডল স্কুলে শিক্ষার্থীরা নিচের এনওয়াইএস মধ্যবর্তী পরীক্ষা দেবে:

- ৬ষ্ঠ গ্রেড- ইংরেজি ভাষা কলা (ইএলএ) পরীক্ষা; গণিত পরীক্ষা
- ৭ম গ্রেড- ইএলএ পরীক্ষা; গণিত পরীক্ষা

- ৮ম গ্রেড- ইএলএ পরীক্ষা; গণিত পরীক্ষা; এবং বিজ্ঞান পরীক্ষা*

*কিছু কিছু মিডল স্কুলে ৮তম গ্রেডে ত্বরান্বিত কোর্স আছে; এসব কোর্স স্কুল বছরের শেষে রিজেন্টস পরীক্ষাসহ শেষ হয়। এসব হাই স্কুল পর্যায়ের কোর্স। যদি কোনো শিক্ষার্থী কোর্স ও রিজেন্টস পরীক্ষা পাস করে, তাহলে সে হাই স্কুল কোর্স ক্রেডিট লাভ করে। আপনি যাচাই করে নিশ্চিত করুন যে ত্বরান্বিত কোর্সগুলো আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক রেকর্ডে নির্দেশ করা আছে যাতে হাই স্কুল আপনার সন্তানকে উপযুক্ত ক্লাসে স্থান দিতে পারে।

### হাই স্কুল

হাই স্কুলে শিক্ষার্থীরা এনওয়াইএস রিজেন্টস ও এনওয়াইসি এলওটিই পরীক্ষা দেয়:

- ইংরেজি ভাষা কলা (ইএলই) রিজেন্টস
- গণিত রিজেন্টস: সমন্বিত বীজগণিত ১, জ্যামিতি, বীজগণিত ২/ত্রিকোণমিতি
- বিজ্ঞান রিজেন্টস: জীবন্ত পরিবেশ, ধরিত্রি বিদ্যা, রসায়ন, পদার্থবিজ্ঞান
- ইতিহাস রিজেন্টস: বিশ্ব ইতিহাস ও ভূগোল, যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার
- এলওটিই (ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষা) পরীক্ষা: অনেক বিদেশি ভাষার জন্য রিজেন্টের মত সর্বাত্মক পরীক্ষা

রিজেন্টস ডিপ্লোমা পেতে হলে শিক্ষার্থীদের অবশ্যই কমপক্ষে পাঁচটি সুনির্দিষ্ট রিজেন্টস পরীক্ষায় কমপক্ষে ৬৫% গ্রেডসহ (ইংরেজি, গণিত, বিজ্ঞান, বিশ্ব ইতিহাস ও ভূগোল, যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার) পাশ করতে হবে।

উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা পেতে হলে ২০০৮ সালের পর শুরু করা সব শিক্ষার্থীকে অবশ্যই কমপক্ষে আটটি রিজেন্টস পরীক্ষায় (ইংরেজি, তিনটি সুনির্দিষ্ট গণিত রিজেন্টস, জীবন বিজ্ঞান রিজেন্টস, বস্তু বিজ্ঞান রিজেন্টস, বিশ্ব ইতিহাস ও ভূগোল এবং যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার) এবং এলওটিই পরীক্ষায় কমপক্ষে ৬৫% গ্রেড পেয়ে পাস করতে হবে। মনে রাখুন যে, উচ্চতর রিজেন্টস ডিপ্লোমার জন্য তিন বছরের বিদেশি ভাষার শিক্ষার প্রয়োজন; তাই আপনার সন্তানকে ১০ম গ্রেডের মধ্যেই বিদেশি ভাষা শেখার জন্য উৎসাহিত করুন । এসব শর্ত যেসব শিক্ষার্থী কলায় বা 'পেশাগত ও কারিগরি শিক্ষায় (সিটিই)' অনুমোদিত পরম্পরা সম্পন্ন করে সেসব ভেদে বিভিন্ন হয় এবং একজন শিক্ষার্থী কখন ৯গ্রেড শুরু করল তার উপর নির্ভর করে। সিটিই কর্মসূচিতে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থী সিটিই কর্মসূচিতে ব্যুৎপত্তির প্রমাণস্বরূপ কর্মসূচি সমাপণী কারিগরি মূল্যায়ন পরীক্ষা দেওয়ার জন্য প্রস্তুত হয়। এসব পরীক্ষার অনেকগুলোই ইন্ডাস্ট্রি সার্টিফিকেশনে ধাবিত হয়।

প্রতিবন্ধী শিক্ষার্থী এবং সিটিই কর্মসূচির শিক্ষার্থীসহ উত্তীর্ণ হওয়ার জন্য আবশ্যক ক্রেডিট ও পরীক্ষা সম্পর্কিত আরো তথ্যের জন্য দেখুন schools.nyc.gov/RulesPolicies/GraduationRequirements/default.htm। এসব শর্তাবলি আলোচনা করতে এবং কখন আপনার সন্তানকে রিজেন্টস ও এলওটিই পরীক্ষা দিতে হবে তার সময়সূচি জানতে আমরা আপনাকে পরামর্শ দেব আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সাথে দেখা করার জন্য।

*কিছু কিছু কলেজ হয়ত এসিটি স্কোর থেকে স্যাট স্কোরকে প্রাধান্য দেয়। অনেকেই উভয়টাই গ্রহণ করে। আপনার সন্তানকে জানতে হবে তার পছন্দের কলেজের জন্য তাকে কোনটি দিতে হবে।*

## কলেজের জন্য প্রস্তুতি গ্রহণকারী শিক্ষার্থীদের জন্য পরীক্ষা

### কলেজের ভর্তি পরীক্ষা

এগুলো হল প্রমিতমান, জাতীয় পরীক্ষা যা আপনার সন্তানকে কলেজের ভর্তির জন্য দিতে হবে। কিছু কিছু কলেজ হয়ত এসিটি স্কোর থেকে স্যাট স্কোরকে প্রাধান্য দেয়। অনেকেই উভয়টাই গ্রহণ করে। আপনার সন্তানকে জানতে হবে তার পছন্দের কলেজের জন্য তাকে কোনটি দিতে হবে। যদি কলেজ উভয়টাই গ্রহণ করে তাহলে আপনার সন্তানের নমুনা পরীক্ষা দেয়া উচিত এবং যে পরীক্ষাটি দিতে সে সবচেয়ে স্বাচ্ছন্দ্যবোধ করবে সেটি দেয়া উচিত। www.collegeboard.org এবং www.act.org পরীক্ষার নমুনা প্রশ্ন পাওয়া যাবে।

- পিস্যাট- প্রিলিমিনারী স্কলাসটিক অ্যাসেসমেন্ট টেস্ট- কলেজ বোর্ডের মাধ্যমে এ পরীক্ষা নেয়া হয়। এটি গুরুত্বপূর্ণ পঠন দক্ষতা, গণিতের সমস্যা সমাধানের দক্ষতা এবং লেখার দক্ষতা পরিমাপ করে। আপনার সন্তান স্যাটে কতটা ভালো করবে তা বোঝার জন্য এ পরীক্ষাকে ব্যবহার করা হয় এবং সম্ভাব্য বৃত্তির বিষয়ে আপনার সন্তানের সাথে যোগাযোগ করতে এটি কলেজকে সুযোগ প্রদান করে। সফোমোর এবং জুনিয়ররা এতে অংশ গ্রহণ করতে পারে। সব এনওয়াইসি পাবলিক স্কুল শিক্ষার্থীদের জন্য স্কুল দিবস চলাকালে বিনামূল্যে এ পরীক্ষা প্রদানের ব্যবস্থা রয়েছে এবং দুবার এ পরীক্ষা দেয়া যাবে। জুনিয়র হিসেবে আপনার সন্তান যে নম্বর পাবে কেবল তাই তাকে ন্যাশনাল মেরিট এবং ন্যাশনাল অ্যাচিভমেন্ট স্কলারশিপের জন্য বিবেচিত হওয়ার যোগ্য করবে। এ পরীক্ষা সম্পর্কিত আরো তথ্যের জন্য www.collegeboard.com/student/testing/psat/about.html ভিজিট করুন।

- স্যাট ১- স্কলাসটিক অ্যাসেসমেন্ট টেস্ট ১ রিজনিং টেস্ট- কলেজ বোর্ডের মাধ্যমে এ পরীক্ষা নেয়া হয়। এটি একটি বহু-নির্বাচনী পরীক্ষা এবং এতে একটি রচনা লিখতে হয়। গুরুত্বপূর্ণ পঠন, গাণিতিক এবং লিখন দক্ষতা পরিমাপের জন্য এ পরীক্ষা নেয়া হয়। সাধারণত ১১তম এবং/বা ১২তম গ্রেডে এ পরীক্ষা নেয়া হয়। এতে সর্বোচ্চ স্কোর হল ২৪০০। যেহেতু এ পরীক্ষা একাধিকবার দেয়া যায় তাই আপনার সন্তানের জন্য গুরুত্বপূর্ণ হল ১১তম গ্রেডে এ পরীক্ষা দেয়ার কথা বিবেচনা করা। কলেজগুলো তাদের সিদ্ধান্ত নেয়ার সময় আপনার সন্তানের সর্বোচ্চ স্কোরগুলোই বিবেচনা করবে। যদি প্রয়োজন হয় ফি মওকুফ এবং প্রতিবন্ধীদের পরীক্ষাদানের ব্যবস্থার বিষয়ে আপনার সন্তানকে স্কুল কাউন্সিলরকে জিজ্ঞাসা করার কথা মনে করিয়ে দিন। উভয়ের ব্যবস্থাই রয়েছে। এ পরীক্ষা সম্পর্কিত আরো তথ্যের জন্য sat.collegeboard.org/home ভিজিট করুন।

- স্যাট ২ সাবজেক্ট টেস্ট-স্কলাসটিক অ্যাসেসমেন্ট টেস্ট ২ সাবজেক্ট টেস্ট- কোন নির্দিষ্ট বিষয় সম্পর্কে জ্ঞান এবং কোন ব্যক্তির সেই জ্ঞান প্রয়োগের সক্ষমতা পরিমাপের জন্য এইসব পরীক্ষা নেয়া হয়। যেসব কলেজ বেশি যাচাই-বাছাই করে তাদের জন্য স্যাট ২ পরীক্ষা দেয়া প্রয়োজন। হাই স্কুলে আপনার সন্তান সংশ্লিষ্ট কোর্স নেয়া শেষ করার পর পরই উক্ত বিষয়ের পরীক্ষা নিয়ে নেয়া উচিত। প্রয়োজন হলে ফি মওকুফ এবং প্রতিবন্ধীদের পরীক্ষাদানের ব্যবস্থার বিষয়ে জিজ্ঞাসা করুন।এ পরীক্ষা সম্পর্কিত আরো তথ্যের জন্য sat.collegeboard.org/home ভিজিট করুন।

- এসিটি- আমেরিকান কলেজ টেস্টিং অ্যাসেসমেন্ট- আমেরিকান কলেজ টেস্টিং কর্তৃক এ পরীক্ষা পরিচালিত হয়। এটি স্যাট ১ রিজনিং পরীক্ষার একটি বিকল্প পরীক্ষা। এটি লিখিতভাবে বা লিখিত ছাড়াও দেয়া যায়। এ পরীক্ষার বিষয়গুলো হল ইংরেজি, গণিত, পঠন, বিজ্ঞান এবং লিখন। সর্বোচ্চ নম্বর হল ৩৬। প্রয়োজন হলে ফি মওকুফ এবং প্রতিবন্ধীদের পরীক্ষাদানের ব্যবস্থার বিষয়ে জিজ্ঞাসা করুন। এ পরীক্ষা সম্পর্কিত আরো তথ্যের জন্য www.act.org ভিজিট করুন।

আপনার সন্তান কলেজে কেমন করতে পারে তা বিবেচনার জন্য কলেজগুলো এসব পরীক্ষার স্কোরকে ব্যবহার করে। তবে কোন কলেজ একবার আপনার সন্তানকে গ্রহণ করার পর তাকে কলেজের ভর্তি পরীক্ষাও দিতে হবে।

### উচ্চতর পাঠ (এপি) পরীক্ষা

উচ্চতর পাঠ নামক কলেজ বোর্ডের প্রাতিষ্ঠানিক কোর্স সম্পন্ন হওয়ার পর এসব পরীক্ষা নেয়া হয়ে থাকে। কলেজের প্রস্তুতি পরিমাপের জন্য কলেজগুলো স্কোর ৩,৪ বা ৫ অনুসন্ধান করে এবং যে শিক্ষার্থী ৪ বা ৫ স্কোর অর্জন করে তাকে অনেকসময় কলেজ ক্রেডিট মঞ্জুর করে থাকে। হাই স্কুলের ট্রান্সক্রিপশনে উচ্চতর পাঠের কোর্স থাকলে তা কলেজের ভর্তি কর্মকর্তার কাছে নির্দেশ করে যে শিক্ষার্থী শ্রমসাধ্য পাঠক্রম নিয়েছে। এসব পরীক্ষা সম্পর্কিত আরো তথ্যের জন্য www.collegeboard.com/student/testing/ap/about.html ভিজিট করুন।

## খোঁজ-খবর রাখা

আপনার সন্তানের অগ্রগতি অনুসরণ করার জন্য আপনাকে শুধু সে পরীক্ষায় কেমন করছে তা জানলে হবে না, বরং তার বাড়ির কাজের অ্যাসাইনমেন্ট এবং দীর্ঘমেয়াদি প্রকল্পগুলো সন্তোষজনকভাবে সম্পন্ন হয়েছে কিনা তাও দেখতে হবে। আপনি যদি প্রকৃত আগ্রহ দেখিয়ে থাকেন তাহলে আপনার সন্তান সাড়া দেবে। আপনার সন্তানের অগ্রগতির সাথে সাথে আপনার প্রত্যাশা তৈরি এবং পুরস্কার প্রদান করতে হবে। আপনার সন্তান কখনো খারাপ করলে সাথে সাথে ব্যবস্থা নিতে হবে এবং শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল এবং প্রয়োজন হলে প্রিন্সিপ্যালের সাথে কথা বলার জন্য প্রকৃত উদ্যোগ গ্রহণ করতে হবে।

> আপনি প্রকৃত আগ্রহ দেখালে আপনার সন্তান সাড়া দেবে। আপনার সন্তানের অগ্রগতির সাথে সাথে আপনাকে প্রত্যাশা তৈরি এবং পুরস্কার প্রদান করতে হবে।

আপনার সন্তানের অগ্রগতির বিষয়ে ব্যক্তিক, হালনাগাদকৃত তথ্যের জন্য এরিস প্যারেন্ট লিঙ্ক কিভাবে ব্যবহার করবেন তা শিখুন (arisparentlink.org/parentlink লগ অন করুন)। এটি দশটি ভাষায় রয়েছে। আপনার সন্তানের একাউন্টে লগ অন করতে আপনার প্রয়োজন হবে একটি ই-মেইল ঠিকানা, আপনার সন্তানের আইডি (ওএসআইএস) নম্বর এবং আপনার পাসওয়ার্ড। প্রথমবার লগ ইন করার পূর্বে একটি সাময়িক পাসওয়ার্ডের জন্য আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আপনার যদি একটি ইন্টারনেটের সাথে সংযুক্ত কম্পিউটারের প্রয়োজন হয়, আপনি যেকোন নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরিতে যেতে পারেন।

আপনার সন্তানের স্কুলে কোন বিষয়/ক্লাসগুলো আছে তা জানুন। আপনি গাইডেন্স কাউন্সিলর বা উপদেষ্টার সাথে কথা বলে তা করতে পারেন। আপনার সন্তান সঠিক ক্লাসগুলো নিয়েছে কি না তা যাচাই করে দেখুন। সম্ভব হলে আপনার সন্তানকে আরো কোর্সের জন্য সাইন আপ করতে বলুন যার জন্য মিডল এবং হাই স্কুলে তাকে কঠোর পরিশ্রম করতে হবে।

প্রত্যেক নম্বর প্রদান পর্বে আপনার সন্তানের প্রতিবেদনপত্র যাচাই করুন। মিডল স্কুলে আপনার সন্তানের স্থায়ী নথিতে যাতে সঠিক গ্রেড এবং সঠিক উপস্থিতি ও বিলম্বে আসা সংক্রান্ত তথ্যের প্রতিফলন থাকে তা নিশ্চিত করুন। হাই স্কুলে প্রত্যেক স্কুল বর্ষের শুরুতে আপনার সন্তানের ট্রান্সক্রিপশন চেক করে দেখুন। কোর্সের কাজ এবং পরীক্ষা উভয় ক্ষেত্রেই সঠিক গ্রেড প্রবেশ করল কি না তা নিশ্চিত করুন। আপনার সন্তান যখন হাই স্কুলে থাকে তখন প্রত্যেক সেমিস্টারে সে কত ক্রেডিট অর্জন করল তা চেক করাটা সত্যিই জরুরি যাতে আপনার সন্তান কোন গ্রেডে রয়েছে এবং গ্র্যাজুয়েশনের কতটা কাছাকাছি রয়েছে তা স্পষ্টভাবে বোঝা যায়। গ্র্যাজুয়েশনের বা উত্তীর্ণের শর্তাবলি জানতে schools.nyc.gov/RulesPolicies/GraduationRequirements/default.htm ভিজিট করুন।

আপনি যখন আপনার সন্তানের স্কুলের শিক্ষকদের সাথে দেখা করবেন তখন আপনি আপনার শিক্ষার্থীদের কাজের নমুনা দেখতে চাইতে পারেন যাতে আপনি আপনার সন্তানের কাজকে তার ক্লাসের অন্যান্যদের কাজের সাথে তুলনা করে দেখতে পারেন। আপনার সন্তান যদি মিডল স্কুলের শিক্ষার্থী হয়ে থাকে, তাহলে আপনার জানা প্রয়োজন সে

প্রত্যেক ক্লাসে কতটা অগ্রগতি অর্জন করছে, সে গ্রেড পর্যায়ে পাঠ করছে কি না, ক্লাসে কিভাবে গ্রেডগুলো নির্ধারণ করা হয় এবং প্রত্যেক রাতে বাড়ির কাজের জন্য কতটা সময় ব্যয় করা উচিত এবং এমন কোন বিষয় রয়েছে কি না যে ক্ষেত্রে উন্নতি করা প্রয়োজন। হাই স্কুল শিক্ষার্থীর ক্ষেত্রে আপনি একই ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন। পাশাপাশি সে ক্রেডিট অর্জন করছে কি না এবং কোন বিষয়ের রিজেন্টস পরীক্ষার জন্য সে কিভাবে প্রস্তুতি গ্রহণ করবে আপনি সে বিষয়ে প্রশ্ন করতে পারেন। কলেজ কাউন্সিলিং, পিস্যাট ও স্যাটের প্রস্তুতি এবং ক্যারিয়ার অনুসন্ধানের জন্য সে কি ধরনের সেবা এবং সহায়তা পেতে পারে সে সম্পর্কে জিজ্ঞাসা করুন। মিডল এবং হাই উভয় স্কুলের শিক্ষার্থীদের ক্ষেত্রে গ্রেড পর্যায়ের প্রত্যাশা পূরণে আপনার সন্তানকে সাহায্য করার জন্য বাড়িতে আপনার সন্তানের সাথে করার জন্য আপনি অনুশীলনীর জন্য অনুরোধ জানাতে পারেন।

পিতামাতাদের জন্য পরিচিতিমূলক সভায় অংশ নিন। পিটিএ বৈঠকে যোগ দিন। পিতামাতা শিক্ষক বৈঠকের পাশাপাশি শিক্ষকের সাথে অ্যাপোয়েন্টমেন্ট করার কথা বিবেচনা করুন। ডিপার্টমেন্ট অব এডুকেশন, ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স এবং আপনার সন্তানের স্কুল কর্তৃক আয়োজিত যেকোন পিতামাতা কর্মশালার সুযোগ গ্রহণ করুন। সাম্প্রতিক অনুষ্ঠানমালার ক্যালেন্ডার এবং নতুন সুযোগ-সুবিধা সম্পর্কে জানতে schools.nyc.gov ঠিকানায় ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইট ভিজিট করুন।

# হাই স্কুল পছন্দ

মিডল স্কুলের অষ্টম গ্রেডের শিক্ষার্থীর পিতা/মাতা হিসেবে আপনাকে আপনার সন্তানের সাথে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে। হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার জন্য অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের তাদের পছন্দ অনুসারে কর্মসূচিগুলোকে তালিকাবদ্ধ করতে হবে। ভর্তির পদ্ধতি, ভর্তির অগ্রাধিকার, আসন প্রাপ্যতা এবং স্কুল তাকে কিভাবে র‍্যাংক প্রদান করে তার ভিত্তিতে আপনার সন্তানকে তার সম্ভাব্য সেরা পছন্দটি প্রদান করা হবে। যেহেতু বাছাই করার মত অনেক হাই স্কুল কর্মসূচি রয়েছে, তাই পিতামাতাদের মধ্যে আমরা যারা ইতিমধ্যেই আমাদের সন্তানদেরকে নিয়ে এ প্রক্রিয়ার মধ্য দিয়ে গেছি তারা আপনাকে পরামর্শ দেব আপনার সন্তান ষষ্ঠ গ্রেডে থাকতে হাই স্কুল সম্পর্কে জানতে শুরু করুন।

মিডল স্কুল গাইডেন্স কাউন্সিলরের সাথে একটি দৃঢ় এবং চলমান সম্পর্ক প্রতিষ্ঠা করা আপনার জন্য খুবই উপকারী হবে। কাউন্সিলরের মাধ্যমেই ভর্তি সংক্রান্ত তথ্য প্রদান করা হয়। আরো গুরুত্বপূর্ণ হল আপনাকে এবং আপনার সন্তানকে সঠিক বিকল্পটি বেছে নিতে সাহায্য করার জন্য গাইডেন্স কাউন্সিলরকে অবশ্যই আপনার সন্তান সম্পর্কে জানতে হবে।

শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের হাই স্কুল কর্মসূচি এবং বিশেষায়িত হাই স্কুলের সাথে পরিচয় করাতে শিক্ষার্থী ভর্তি দপ্তর সারা বছর ধরে তথ্য অধিবেশনের আয়োজন করে। আপনার সন্তানের মিডল স্কুলে অধ্যয়নের বছরগুলোতে এসব অধিবেশনে যোগদান করাটা ভালো যাতে আপনি সব কিছু অষ্টম গ্রেডের জন্য ফেলে না রাখেন।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার সময় হাই স্কুলগুলো সপ্তম গ্রেডের চূড়ান্ত প্রতিবেদনপত্র দেখে। তাই কেবল প্রতিটি ক্লাসে নয় বরং সপ্তম গ্রেডের প্রমিতমান পরীক্ষাগুলোতে আপনার সন্তানের জন্য সবচেয়ে ভালো করাটা গুরুত্বপূর্ণ। আপনার সন্তান যদি তার পূর্ণাঙ্গ সম্ভাবনা অনুসারে ফলাফল করে তাহলে সে সর্বোচ্চ সংখ্যক কর্মসূচির জন্য বিবেচিত হবে।

> হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার সময় হাই স্কুলগুলো সপ্তম গ্রেডের চূড়ান্ত প্রতিবেদনপত্র দেখে।

আপনি যখন ব্যাপক সংখ্যক স্কুল এবং কর্মসূচির কথা বিবেচনা করছেন, তখন স্কুলের আয়তন এবং অবস্থানের কথাটি মনে রাখবেন। অনেকগুলো পছন্দের মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত আছে:

- বিশেষায়িত হাই স্কুল যার জন্য বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষা দেয়া প্রয়োজন।
- অন্যান্য প্রাতিষ্ঠানিকভাবে বাছাইকৃত স্কুল এবং কর্মসূচি যার জন্য শিক্ষার্থীদেরকে বিভিন্ন প্রাতিষ্ঠানিক মানদণ্ড পূরণ করতে হয়
- উপস্থাপণ শিল্প বা পারফরমিং আর্টসের স্কুল এবং কর্মসূচি যার জন্য অডিশন বা পত্রকোষ উপস্থাপণার প্রয়োজন হয়।
- পেশাগত ও কারিগরি শিক্ষার স্কুল (সিটিই স্কুল)এবং কর্মসূচি যাতে বিভিন্ন ধরনের পেশার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক পাঠের সাথে কর্মদক্ষতার সমন্বয় ঘটানো হয়েছে।
- যেসব স্কুলের জন্য তথ্য অধিবেশনে উপস্থিত থাকা প্রয়োজন
- চার্টার স্কুল যাদের নিজস্ব আবেদন প্রক্রিয়া এবং আবেদনের সময়সীমা রয়েছে। ( schools.nyc.gov/community/planning/charters/Directory.htm ঠিকানায় চার্টার স্কুলের ডিরেক্টরি দেখুন )

স্কুলবর্ষের শেষে সব পাবলিক স্কুলে সপ্তম গ্রেডের শিক্ষার্থীদের মধ্যে হাই স্কুল ডিরেক্টরি এবং বিশেষায়িত হাই স্কুল শিক্ষার্থী পুস্তিকা বিতরণ করা হয়। অষ্টম গ্রেড শুরু হবার পূর্বে পুরো গ্রীষ্মকালে যাতে আপনি এবং আপনার সন্তান তথ্যগুলো পর্যালোচনা করতে পারেন সেজন্য এটি করা হয়।

যদিও অনলাইনে অনুসন্ধানযোগ্য হাই স্কুলের একটি ডিরেক্টরিসহ হাই স্কুলের ভর্তি সংক্রান্ত সব প্রকাশনা schools.nyc.gov/ChoicesEnrollment/High/Publications ঠিকানায় পাওয়া যায়। এ পেইজে এসব প্রকাশনার অনূদিত সংস্করণও পাওয়া যায়।

হেমন্তের সেমিস্টার চলাকালে বেশ কিছু মেলা হয়। হাই স্কুল সম্পর্কে আরো তথ্য পেতে আপনার সেগুলোতে যোগদান করা উচিত। এসব মেলায় পুরো শহরের হাই স্কুলগুলো প্রতিনিধিত্ব করে। কর্মী, শিক্ষার্থী এবং পিতামাতারা প্রদর্শনীর টেবিলে উপস্থিত থাকেন এবং প্রশ্নের উত্তর দেন।

আপনার সন্তান সপ্তম গ্রেডে থাকতে আপনার এবং আপনার সন্তানের এসব মেলায় অংশগ্রহণ শুরু করা উচিত। এর ফলে হাই স্কুল কর্মসূচি সম্পর্কে জানতে আপনি এবং আপনার সন্তান এক বছরেরও বেশি সময় পাবেন। আপনি তথ্যের সাথে পরিচিত হবার সাথে সাথে আপনার সন্তানের লক্ষ্য নির্ধারণে তার সাথে কাজ করতে পারবেন।

schools.nyc.gov/ChoicesEnrollment/High/videos.htm ঠিকানায় ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইটে ২০১১ সালের গ্রীষ্মকালের হাই স্কুল ভর্তি কর্মশালার ভিডিও পোস্ট করা আছে।

অনেক মিডল স্কুল তাদের নিজস্ব হাই স্কুল রাত্রির আয়োজন করে থাকে এবং স্থানীয় হাই স্কুলের প্রতিনিধিদের আমন্ত্রণ জানিয়ে থাকে। আপনার স্কুল যদি হাই স্কুল রাত্রির আয়োজন করে তাহলে প্রতিটি স্কুলের বিষয়ে তথ্য জানতে এতে যোগ দিন এবং স্কুলের প্রতিনিধিদের সাথে কথা বলুন।

অনেক হাই স্কুল পরিদর্শনের ব্যবস্থা করে। পরিদর্শন সংক্রান্ত তথ্য জানতে হাই স্কুল ডিরেক্টরি দেখুন। যদি তা ডিরেক্টরিতে না থাকে, তাহলে স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করতে স্কুলের পৃষ্ঠায় যে যোগাযোগের তথ্য দেয়া হয়েছে তা ব্যবহার করুন। কিছু কিছু ক্ষেত্রে যখন আপনার সন্তান সপ্তম গ্রেডে থাকে তখন থেকে আপনি এ পরিদর্শনগুলো শুরু করতে পারেন । স্কুল যদি আপনাকে এই বিকল্প প্রদান করে থাকে তাহলে স্কুল দিবস চলাকালে স্কুল পরিদর্শন করাটা ভালো। তাহলে স্কুলটি আসলে কেমন সে সম্পর্কে আপনি একটি ধারণা পাবেন।

> আপনার সন্তান সপ্তম গ্রেডে থাকতে আপনার এবং আপনার সন্তানের এসব মেলায় অংশগ্রহণ শুরু করা উচিত। এর ফলে হাই স্কুল কর্মসূচি সম্পর্কে জানতে আপনি এবং আপনার সন্তান দু'বছরেরও বেশি সময় পাবেন।

যতদিনে আপনার সন্তান অষ্টম গ্রেডে ওঠবে ততদিনে আপনার এবং আপনার সন্তানের উচিত বাসে বা ট্রেনে চড়ে আপনারা যে স্কুলের বিষয়ে আগ্রহী সেই স্কুলে চলে যাওয়া। এটি যাত্রাটা কত দীর্ঘ হয় তা আপনাকে জানতে সাহায্য করবে। আপনি যেহেতু স্কুলটির বিষয়ে বিবেচনা করছেন তাই এটি গুরুত্বপূর্ণ। www.hopstop.com থেকে যাতায়াতের পথ সম্পর্কিত তথ্য পাওয়া যাবে।

schools.nyc.gov/Subscribe -এ আপনি হাই স্কুল ভর্তির ব্যাপারে ই-মেইল আপডেটের জন্য সাইন আপ করতে পারেন।

ডিপার্টমেন্ট অব এডুকেশনের মধ্যে প্রাপ্ত সকল তথ্য ছাড়াও, আপনি insideschools.org থেকে অন্যান্য তথ্য পেতে পারেন। এটি সেন্টার ফর নিউ ইয়র্ক সিটি অ্যাফেয়ার্সের একটি প্রকল্প। হাই স্কুল শিক্ষার্থীদের অন্যান্য পিতামাতারাও আপনাকে সাহায্য করতে পারে। আপনার মিডল স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন উপস্থাপনা বা তথ্য প্রদানের কাজ করতে পারে। আপনার সন্তানের সহপাঠীদের পিতামাতাদের সাথে কথা বললে মিডল স্কুল থেকে হাই স্কুলে যাত্রার পথটি সহজতর হতে পারে।

## যেসব শিক্ষার্থী ইতিমধ্যেই হাই স্কুলে রয়েছে তাদের জন্য অন্যান্য বিকল্প

হাই স্কুলে যদি আপনার সন্তানের সময়টা কঠিন যায় এবং প্রত্যেক সেমিস্টারে সে যদি সঠিক সংখ্যক ক্রেডিট অর্জন করতে না পারে তাহলে সে পিছিয়ে পরতে পারে এবং চার বছরের মধ্যে গ্র্যাজুয়েশন সম্পন্ন করার জন্য প্রস্তুত নাও থাকতে পারে। আপনার এবং আপনার সন্তানের উত্তীর্ণের জন্য অন্যান্য পথগুলো অনুসন্ধান করা উচিত। বদলি স্কুলগুলো হল ছোট হাই স্কুল যা শিক্ষার্থীদের সাথে ব্যক্তিক পদ্ধতিতে সংযুক্ত হওয়ার চেষ্টা করে এবং ক্যারিয়ার ও কলেজের সুযোগ-সুবিধা প্রদান করে। বদলি স্কুল এবং ইয়াং এডাল্ট বরো সেন্টারগুলো (ওয়াইএবিসি) লার্নিং টু ওয়ার্ক (এলটিডাব্লিউ) কর্মসূচির মাধ্যমে চাকুরির জন্য গভীর প্রস্তুতি এবং ক্যারিয়ার অনুসন্ধানমূলক কার্যক্রমের ব্যবস্থা করে।এ সেন্টারগুলো বয়স্ক শিক্ষার্থীদের জন্য সান্ধ্যকালীন প্রাতিষ্ঠানিক কর্মসূচির ব্যবস্থা করে। আপনি গ্র্যাজুয়েট হবার অন্য অতিরিক্ত উপায় সংক্রান্ত ডিরেক্টরিতে বদলি স্কুল, ওয়াইএবিসি এবং জিইডি কর্মসূচিগুলোর পূর্ণাঙ্গ তালিকা পাবেন। schools.nyc.gov/ChoicesEnrollment/AlternativesHS/default.htm থেকে ডাউনলোডের জন্য কপি পাওয়া যাবে।

## নিউ ইয়র্ক সিটি জবাবদিহিতার প্রতিবেদন

সন্তানের সাথে সঠিক হাই স্কুলটি খুঁজছেন এমন একজন পিতা/মাতা হিসেবে আমরা মনে করি আপনার নিউ ইয়র্ক সিটি জবাবদিহিতার প্রতিবেদন সম্পর্কে জানা প্রয়োজন। তিন ধরনের প্রতিবেদন রয়েছে: অগ্রগতি প্রতিবেদন, মান নিরীক্ষণ এবং স্কুল জরিপ।

- **অগ্রগতি প্রতিবেদন-**প্রত্যেক হেমন্তে অধিকাংশ স্কুল একটি প্রতিবেদন এবং একটি বর্ণভিত্তিক (এ,বি,সি,ডি বা এফ) গ্রেড পায় যা বিগত বছরে শিক্ষার্থীর শিক্ষার ক্ষেত্রে তাদের সাফল্যকে পরিমাপ করে। গ্র্যাজুয়েশন বা মাধ্যমিক-উত্তর প্রস্তুতির পথে যে জায়গা থেকেই প্রতিটি শিক্ষার্থী তার যাত্রা শুরু করুক না কেন অগ্রগতি প্রতিবেদন শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক অগ্রগতির ক্ষেত্রে শিক্ষার্থীর অবদানকে পরিমাপ করে।

- **মান নিরীক্ষণ-** স্কুল বর্ষ চলাকালে অনেক স্কুলে অভিজ্ঞ শিক্ষাবিদেরা দুইদিন বা আড়াইদিন স্কুল পরিদর্শন করে। এসময় তারা স্কুল লিডারশিপ, শিক্ষক, শিক্ষার্থী এবং পিতামাতাদের সাথে বৈঠক করেন এবং শ্রেণিকক্ষ পরিদর্শন করেন। প্রতিটি স্কুল শিক্ষার্থীর অর্জনকে কতটা ভালোভাবে সহায়তা করে তার বিবরণ সংবলিত বিস্তারিত প্রতিবেদনের মাধ্যমে অনলাইনে এইসব পরিদর্শনের ফলাফল প্রকাশিত হয়।

- **স্কুল জরিপ–** প্রতি বছর পিতামাতা, শিক্ষক এবং ৬ থেকে ১২ গ্রেডের শিক্ষার্থীরা এনওয়াইসি স্কুল জরিপে অংশ নেয়। জরিপের প্রশ্নগুলো প্রাতিষ্ঠানিক প্রত্যাশা, যোগাযোগ, সম্পৃক্ততা, নিরাপত্তা এবং শ্রদ্ধার বিষয়ে কম্যুনিটির মতামত সংগ্রহ করে। স্কুল নেতারা তাদের নিজেদের স্কুলের শক্তি এবং কোন কোন ক্ষেত্রে উন্নতি করা প্রয়োজন সেগুলো ভালোভাবে বুঝতে জরিপের ফলাফলকে ব্যবহার করতে পারে।

# পরবর্তী সীমান্ত: হাই স্কুলের পর

সেরা বিকল্পগুলো নির্ধারণের জন্য আপনার এবং আপনার সন্তানের গবেষণা করা প্রয়োজন। আপনার সন্তানের হাই স্কুলের গাইডেন্স কাউন্সিলর বা কলেজ ও ক্যারিয়ারের বিষয়ে দিকনির্দেশনা প্রদানের জন্য দায়ী কর্মীর সাথে কাজ করুন।

হাই স্কুল থেকে উত্তীর্ণ হবার পর আপনার সন্তানের সামনে বেশ কিছু সংখ্যক বিকল্প থাকবে। সেরা বিকল্পগুলো নির্ধারণের জন্য আপনার এবং আপনার সন্তানের গবেষণা করা প্রয়োজন। আপনার সন্তানের হাই স্কুলের গাইডেন্স কাউন্সিলর বা কলেজ ও ক্যারিয়ারের বিষয়ে দিকনির্দেশনা প্রদানের জন্য দায়ী কর্মীর সাথে কাজ করুন। আপনি ও আপনার সন্তান কোন পথে যেতে চান তা নির্ধারণে সে আপনাকে সাহায্য করবে।

বিকল্পগুলোর মধ্যে রয়েছে ইউনিভার্সিটি এবং চার বছরের কলেজ। ইউনিভার্সিটিগুলো হয় সাধারণত বড় স্কুল যেখানে বিভিন্ন ধরনের ডিগ্রি কর্মসূচি, গবেষণার সুযোগ-সুবিধা এবং গ্র্যাজুয়েট স্কুল আছে। লিবারেল আর্ট কলেজগুলো সাধারণত হয় ছোট আকারের, ক্লাসের আয়তন অনেকসময় হয় ছোট আকারের এবং তারা স্নাতক ডিগ্রি প্রদান করে। কম্যুনিটি এবং জুনিয়র কলেজগুলো দুবছরের শিক্ষানির্দেশনা প্রদান করে যা অ্যাসোসিয়েট ডিগ্রি এবং অনেকসময় ক্যারিয়ার বা পেশামুখী বিষয়ে নন-ডিগ্রি সার্টিফিকেট প্রদান করে। কিছু শিক্ষার্থী অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করে এবং তারপর স্নাতক ডিগ্রি লাভের জন্য চার-বছরের কলেজে বদলি হয়ে যায়।

বিস্তারিত সময়সীমা ও পরখতালিকার জন্য এবং কলেজ পরিকল্পনা এবং ভর্তির ক্ষেত্রে আরো নির্দেশনার জন্য নিউ ইয়র্ক আরবান লিগের "প্যারেন্টস গাইড টু কলেজ (কলেজের জন্য পিতামাতাদের নির্দেশিকা)" দেখুন যা অনলাইনে www.nyul.org/pages/Parent_Guide_Order_Form ঠিকানায় পাওয়া যাবে।

নিউ ভিশন ফর পাবলিক স্কুলের "দি রোড টু কলেজ" রয়েছে যা http://www.newvisions.org/the-road-to-college/overview ঠিকানায় পাওয়া যাবে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশনের "টুলস টু হেল্প স্টুডেন্টস প্রিপেয়ার ফর কলেজ" আরেকটি ভালো সম্পদ যা অনলাইনে schools.nyc.gov/StudentSupport/GuidanceandCounseling/CollegeCareerSupport/default.htm ঠিকানায় পাওয়া যাবে।

কারিগরি, বাণিজ্য ও ব্যবসা স্কুলগুলো সাধারণত দু'বছর বা তার কম সময়ের মধ্যে শিক্ষার্থীদের নির্দিষ্ট ক্যারিয়ারের জন্য প্রস্তুত করার ওপর জোর দেয়। এই স্কুলগুলো আপনার সন্তানকে লাইসেন্স, সার্টিফিকেট ও বিশেষ সার্টিফিকেট এবং অনেকসময় অ্যাসোসিয়েট বা স্নাতক ডিগ্রি লাভ করতে সাহায্য করে। এইসব কর্মসূচির ক্রেডিট প্রাতিষ্ঠানিক ডিগ্রি কর্মসূচিতে স্থানান্তরযোগ্য নাও হতে পারে।

পাবলিক কলেজ এবং ইউনিভার্সিটিগুলো স্টেট এবং সিটির সহায়তা পায় এবং বেসরকারি প্রতিষ্ঠানের তুলনায় এসব স্কুলে সাধারণত পড়ার খরচ কম। পাবলিক স্কুলের বেতন সাধারণত অনাবাসিকদের তুলনায় আবাসিকদের জন্য অনেক কম হয়।

দি সিটি ইউনির্ভাসিটি অব নিউ ইয়র্ক (সিইউএনওয়াই) বিশটিরও বেশি সরকারি কলেজ এবং ইউনিভার্সিটির একটি বৃহত্তর নেটওয়ার্ক। অতিরিক্ত তথ্যের জন্য www.cuny.edu ভিজিট করুন।

দি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (এসইউএনওয়াই) ষাটটিরও বেশি সরকারি কলেজ এবং ইউনিভার্সিটি ক্যাম্পাসের একটি বৃহত্তর নেটওয়ার্ক। অতিরিক্ত তথ্যের জন্য www.suny.edu ভিজিট করুন।

# কলেজের জন্য অর্থায়ন

মাধ্যমিক-পরবর্তী বেসরকারি স্কুলের পড়ার খরচ মাধ্যমিক-পরবর্তী সরকারি স্কুলের তুলনায় অনেক বেশি। তবে বেসরকারি স্কুলগুলোর অনেক ক্ষেত্রে যোগ্য শিক্ষার্থীদের আর্থিক সাহায্য এবং বৃত্তি প্রদানের ক্ষমতা অনেক বেশি থাকে।

আপনি সরকারি বা বেসরকারি যে প্রতিষ্ঠানের কথাই বিবেচনা করেন না কেন, আপনাকে জানতে হবে এতে আপনার কত ব্যয় হবে। কিন্তু আপনার সন্তানের কলেজ সংক্রান্ত সবগুলো বিকল্প বিবেচনা করা থেকে অর্থনৈতিক কারণে আপনি বিরত থাকবেন না। ফেডারেল এবং স্টেটের আর্থিক সাহায্য এবং বৃত্তির সহায়তায় অধিকাংশ শিক্ষার্থীই কলেজে যেতে সক্ষম হয়। নিচে যেসব রিসোর্স পাওয়া যায় সেগুলোর কয়েকটির অত্যন্ত সংক্ষিপ্ত বিবরণ প্রদান করা হল।

- আর্থিক সাহায্য- আপনার সন্তান কি পরিমাণ আর্থিক সাহায্য পাওয়ার যোগ্য হবে তা প্রধাণত নির্ভর করে আপনার আয়, আপনি যতজন মানুষের ভরণপোষণ করছেন তাদের সংখ্যা এবং আপনার পরিবারে অন্য কেউ কলেজে অধ্যয়ন করছে কিনা তার ওপর। আপনার সন্তানের জন্য প্রথম পদক্ষেপটি হল কলেজের জন্য আবেদন করা। আপনার এবং আপনার সন্তানের জন্য পরবর্তী পদক্ষেপটি হল ফেডারেল শিক্ষার্থী সহায়তার (এফএএফএসআই) জন্য যে বিনামূল্যে আবেদনপত্রটি রয়েছে তা পূরণ করে আর্থিক সহায়তার জন্য আবেদন করা।

> ফেডারেল এবং স্টেটের আর্থিক সাহায্য এবং বৃত্তির সহায়তায় অধিকাংশ শিক্ষার্থীই কলেজে যেতে সক্ষম হয়।

- চাহিদা-ভিত্তিক আর্থিক সহায়তার ক্ষেত্রে এফএএফএসএ হল সবচেয়ে গুরুত্বপূর্ণ আবেদনপত্র। এটি একটি ফেডারেল ফরম যা আপনার চাহিদাকে খতিয়ে দেখে এবং মঞ্জুরি, শিক্ষা ঋণ এবং কর্ম-অধ্যয়ন কর্মসূচিসহ ফেডারেল, স্টেট এবং কলেজ প্রদত্ত আর্থিক সাহায্যের জন্য শিক্ষার্থীর যোগ্যতা নির্ধারণ করে। www.fafsa.ed.gov. দেখুন।অধিকন্তু অনেক স্কুল সিএসএস/আর্থিক সাহায্য প্রোফাইল চায়। www.collegeboard.com/profile দেখুন।

আপনার সন্তানের কলেজ শিক্ষার ব্যয়ভার বহনে সহায়তা করার জন্য যে বিভিন্ন ধরনের বিকল্প রয়েছে সেগুলো সম্পর্কে আপনার জানাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনাকে বুঝতে হবে যে আপনার আর্থিক চাহিদার ওপর নির্ভর করে আপনার সন্তানের কলেজ সংক্রান্ত আর্থিক প্যাকেজ সম্পন্ন করতে আপনাকে বিভিন্ন উৎসের কাছে আবেদন করতে হতে পারে।

### ঋণ

আপনি যখন কোন টাকা ধার নেন তাকে বলা হয় ঋণ এবং এটি অবশ্যই পরিশোধ করতে হবে। উৎসের ওপর নির্ভর করে প্রতিটি ঋণের শর্ত ভিন্ন ভিন্ন হয়ে থাকে।

### সরকারি ঋণ

ফেডারেল এবং স্টেট উভয়ের শিক্ষার্থী ঋণ কর্মসূচি রয়েছে। ফেডারেল সাহায্য কর্মসূচি অর্থনৈতিক চাহিদার ওপর নির্ভরশীল এবং কলেজের জন্য আর্থিক সহায়তার একক সর্বোবৃহৎ উৎস। সরকার সবচেয়ে সহজ সুদে ও শর্তে ঋণ দিয়ে থাকে। সাধারণত সরকারের ঋণ দিয়ে কলেজ এবং কলেজ সংক্রান্ত সকল ব্যয় পরিশোধ করা যাবে না। তাই এ ঋণের সম্পূরক হিসেবে অন্যান্য উৎস থেকে ঋণ নিতে হবে। নিম্নলিখিতগুলো হল সবচেয়ে পরিচিত ফেডারেল সরকারি ঋণ: ফেডারেল পার্কিন লোন; ফেডারেল সাবসিডাইজড স্ট্যানফোর্ড লোন; ফেডারেল আনসাবসিডাইজড স্ট্যানফোর্ড লোন; এবং ফেডারেল প্লাস লোন। আরো তথ্যের www.2.ed.gov/finaid জন্য ভিজিট করুন।

### স্টেট ঋণ

অধিকাংশ স্টেট চাহিদা-ভিত্তিক এবং মেধা-ভিত্তিক আর্থিক সহায়তার জন্য বিভিন্ন ধরনের অনুদান প্রদান করে থাকে। অধিকাংশ স্টেট ঋণ কর্মসূচির জন্য যোগ্যতা চাহিদা ভিত্তিক সাহায্যের ফেডারেল রূপরেখা অনুসরণ করে থাকে। www.hesc.org দেখুন বা 1-888-NYS-HESC নম্বরে কল করুন।

### বেসরকারি ঋণ

বেসরকারি ঋণ ব্যাংকের মত বেসরকারি প্রতিষ্ঠান থেকে নেয়া হয় এবং এগুলো কলেজের ব্যয় পরিশোধের জন্য যেকোন ঘাটতি পূরণে তহবিলের চমৎকার উৎস। তবে এসব ঋণের সুদ ও শর্ত সরকারি ঋণের মত ততটা আকর্ষনীয় নয়। কলেজগুলো নবাগত শিক্ষার্থীদের জন্যও ঋণ কর্মসূচির ব্যবস্থা করতে পারে।

## মঞ্জুরি এবং বৃত্তি

মঞ্জুরি ও বৃত্তি হল আর্থিক সহায়তা যা মেধা বা মেধা ও চাহিদার ভিত্তিতে প্রদান করা হয়ে থাকে। এগুলো পরিশোধের প্রয়োজন হয় না। বৃত্তি এবং মঞ্জুরির সাধারণ উৎসগুলো হল স্কুল, ব্যবসা, প্রতিষ্ঠান, সংগঠন এবং বেসরকারি শিল্প প্রতিষ্ঠান। অধিকাংশ স্কুল কোন না কোন ধরনের বৃত্তি সহায়তা প্রদান করে থাকে এবং এটির পরিমাণ ও লাভের যোগ্যতা চাহিদা, প্রাতিষ্ঠানিক মেধা, প্রাতিষ্ঠানিক মনোযোগ, আগ্রহ এবং অন্যান্য মানদণ্ডসহ প্রতিটি কলেজ কর্তৃক নির্ধারিত বেশ কিছু বিষয়ের ওপর নির্ভরশীল। আপনার আবেদন করা প্রতিটি কলেজে যেসব আর্থিক সহায়তার ব্যবস্থা রয়েছে সে সম্পর্কে জিজ্ঞাসা করে নেয়াটা গুরুত্বপূর্ণ।

## কর্ম-অধ্যয়ন কর্মসূচি

ফেডারেল কর্ম অধ্যয়ন কর্মসূচি হল ফেডারেল সরকারের ভর্তুকি প্রাপ্ত কর্মসূচি যা আর্থিক চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের খণ্ডকালীন ক্যাম্পাস বা কম্যুনিটি সেবার কাজ প্রদান করে থাকে। প্রত্যেক শিক্ষার্থী প্রতি সপ্তাহে ১০-১২ ঘন্টা কাজ করে এবং অন্তত ন্যুনতম মজুরি লাভ করে।

# সময়সীমা: পরিকল্পনার গুরুত্ব

সাধারণভাবে মনে রাখবেন নিউ ইয়র্ক শহর অনন্য কারণ এখানে শিক্ষার্থীদের আগ্রহ ও পেশার ক্ষেত্র অনুসন্ধান, সেবা ও কর্মসূচিতে প্রবেশের অধিকার এবং স্কুলের বাইরে অভিজ্ঞ ব্যক্তিদের সাথে দেখা করার অনেক সুযোগ আছে। শিক্ষার্থীদের কম্যুনিটির সেবা করার অনেক সুযোগ আছে। শিক্ষার্থীদের যদি বিভিন্ন বিষয়ের সাথে সংশ্লিষ্টতা ও এগুলোর প্রতি আগ্রহ থাকে তাহলে তা মাধ্যমিক পরবর্তী স্কুলের আবেদনকে শক্তিশালী এবং প্রাতিষ্ঠানিক অর্জনকে সমর্থন করে। শহরকে সম্পদ হিসেবে ব্যবহার ও বিশেষ করে গ্রীষ্মকালে সুযোগ খুঁজে বের করার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করুন।

> নিউ ইয়র্ক শহর অনন্য কারণ এখানে শিক্ষার্থীদের অনেক সুযোগ আছে

মনে রাখুন গুরুত্বপূর্ণ তারিখ জানা, চূড়ান্ত সময়সীমা মান্য করা এবং আপনার সন্তানের অগ্রগতি অনুসরণ করার জন্য আপনার সন্তানের স্কুলের সাথে আপনার কাজ করা প্রয়োজন। হাই স্কুল ও কলেজ ভর্তি প্রক্রিয়ায় বিভিন্ন ধাপ অন্তর্ভুক্ত যেগুলোর নির্দিষ্ট সময়সীমা রয়েছে । এটির জন্য সবচেয়ে ভাল হলো আগেই পরিকল্পনা করা ও প্রস্তুত হওয়া। শিক্ষা সংক্রান্ত "আশার পেটিকা" রাখা একটি কার্যকর কৌশল। ষষ্ঠ গ্রেডের শুরুতেই আপনার সন্তানের প্রতিবেদন পত্র, পুরষ্কার, সনদপত্র এবং চিঠি সংরক্ষণের জন্য একটি ফাইল বক্স তৈরি করুন। এই "আশার পেটিকা" আপনাকে ও আপনার সন্তানকে হাই স্কুল থেকে উত্তীর্ণ হওয়া পর্যন্ত সুবিন্যস্ত রাখবে।

সর্বশেষে আমাদের অভিজ্ঞতা থেকে আমরা মনে করি নিচের পৃষ্ঠায় যে পরামর্শগুলো দেয়া আছে তা গ্রেড ৬ থেকে গ্রেড ১২ পর্যন্ত ভ্রমণে আপনাকে সাহায্য করবে।

## পরামর্শ

গ্রেড ৬

- ❑ শুদ্ধ বাড়িরকাজ ও পড়ার অনুশীলন শুরু করা বা অব্যাহত রাখা। বাড়ির কাজ সম্পাদনের জন্য আপনার সন্তানের যেসব জিনিস প্রয়োজন তা রাখার বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ সবচেয়ে শ্রমসাধ্য কোর্সটি যাতে আপনার সন্তান নেয় তা নিশ্চিত করুন।
- ❑ প্যারেন্ট অ্যাসোসিয়েশনে যোগদান করুন।
- ❑ প্রাতিষ্ঠানিক শিক্ষাবর্ষের দিনপঞ্জি ও প্রত্যাশা সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইট http://schools.nyc.gov ভিজিট করুন এবং এরিস প্যারেন্ট লিংকে লগ ইন করুন যেটি আপনার সন্তানের নৈপুণ্য সম্পর্কে আপনাকে গুরুত্বপূর্ণ তথ্য দেবে।
- ❑ হেমন্ত ও বসন্তকালীন বৈঠকের সময়ে শিক্ষকদের সাথে দেখা করুন।
- ❑ শিক্ষাবর্ষে সাধারণত চার বা ছয়বার আপনার সন্তানের প্রতিবেদনপত্র দেখার বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ আপনার যদি কোন জিজ্ঞাসা থাকে তাহলে প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং/বা শিক্ষককে ফোন করুন।
- ❑ আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর বা উপদেষ্টার সাথে পরিচিত হোন।
- ❑ আপনার সন্তান যদি কোন বিষয়ের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হয় তাহলে অনুশীক্ষণ বা অন্যান্য যেসব সাহায্য পাওয়া যাচ্ছে সেগুলো সম্পর্কে জানুন।
- ❑ নিউ ইয়র্ক স্টেট ইংরেজি ভাষা শৈলী (ইএলএ) ও গণিত পরীক্ষা বসন্তকালীন টার্মে কখন অনুষ্ঠিত হবে সে সম্পর্কে জানুন এবং এই পরীক্ষাগুলোর গুরুত্ব যাতে আপনার সন্তান বুঝতে পারে তা নিশ্চিত করুন। এই পরীক্ষার নম্বর উত্তীর্ণ, গ্রীষ্মকালীন স্কুল এবং পরবর্তী বছর শ্রেণিতে অবস্থানকে প্রভাবিত করে। সুনির্দিষ্ট উপায় যা আপনার সন্তানকে এই পরীক্ষায় ভাল করার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করবে তা সম্পর্কে জানার জন্য আপনার সন্তানের স্কুলের সাথে কাজ করুন।
- ❑ শহরকে শিক্ষণ টুল হিসেবে ব্যবহার করুন। সাপ্তাহিক ছুটি ও স্কুল বন্ধের দিন যাদুঘর, সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও ঐতিহাসিক স্থান পরিদর্শন করুন এবং পরবর্তীতে আপনার সন্তানকে এই বিষয়ে গবেষণা করার জন্য বলুন।
- ❑ গ্রীষ্মকাল বসে থাকার সময় নয়। অনলাইনে যান এবং এমন কর্মসূচির খোঁজ করুন যে বিষয়ে আপনার সন্তান আগ্রহী হবে । অনেক বিনামূল্যের কর্মসূচি আছে এবং অনেকে বৃত্তি প্রদান করছে। এইসব কর্মসূচিতে অংশগ্রহণ আপনার সন্তানের প্রোফাইলকে উন্নত করতে সাহায্য করবে।
- ❑ গ্রীষ্মকালকে সপ্তম গ্রেড প্রমিতমান পরীক্ষার প্রস্তুতির জন্য ব্যবহার করুন। আপনার সন্তানের মাঝে পাঠের অভ্যাস গড়ে তুলুন এবং স্থানীয় লাইব্রেরি শাখায় লাইব্রেরি কার্ডের জন্য আবেদন করুন।

গ্রেড ৭

- সন্তানদের জন্য সেরা হাই স্কুলটি খুঁজে পাবার ক্ষেত্রে তাদের অভিজ্ঞতার জন্য কিছুটা বয়স্ক শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে যান।
- হেমন্ত ও বসন্তকালীন বৈঠকের সময়ে শিক্ষকদের সাথে দেখা করুন।
- ডিওই আয়োজিত হাই স্কুল মেলায় উপস্থিত হোন। আগ্রহী পিতামাতাদেরকে তথ্য সরবরাহ করা এবং কোর্স ও যোগ্যতার শর্তাবলি সম্পর্কে প্রশ্নের উত্তর দেয়ার জন্য হাই স্কুলের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন।
- শিক্ষক ও অন্যান্য মিডল স্কুল কর্মীর সাথে যোগাযোগ বজায় রাখুন।
- গত বছরের ইএলএ এবং/বা গণিত পরীক্ষায় আপনার সন্তান যদি ভাল নম্বর না পেয়ে থাকে তাহলে এই বছর নম্বর বাড়াতে তাকে সাহায্য করার জন্য চেষ্টা করুন। স্কুলের মাধ্যমে কেমন অনুশীক্ষণ পাওয়া যাবে সে সম্পর্কে জিজ্ঞেস করুন। লিংকের জন্য ডিওই ওয়েবসাইটে সাইন ইন করুন। আবেদনের প্রক্রিয়ার অংশ হিসেবে এই বছরের নম্বর পরবর্তী বছরে হাই স্কুলে পাঠানো হবে।
- www.bls.gov/k12 ও www.careerexplorer.net মাধ্যমে পেশা অনুসন্ধান করা যাবে। অনেক হাই স্কুলে একটি নির্দিষ্ট পেশাগুচ্ছের ওপর গুরুত্ব দেয়া হয়। আবেদন করার সময়ে আপনার সন্তানের আগ্রহকে বিবেচনা করা উচিত।
- গ্রীষ্মের সময়টিকে শিক্ষণ সময় হিসেবে কাজে লাগান। কম্পিউটার ক্যাম্প, বিজ্ঞান কর্মসূচি, উপস্থাপণ শিল্প ইত্যাদি সুযোগের খোঁজ করুন।
- আপনার সন্তানের স্থায়ী নথিতে সব গ্রেড ঢোকানোর বিষয়টি নিশ্চিত করাটা মিডল স্কুলের দায়িত্ব। তথাপি আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক নথি হালনাগাদ রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য আপনি তা যাচাই করুন।
- যদি সম্ভব হয় তাহলে হাই স্কুলে যান এবং স্থানটিতে যাবার জন্য গণ পরিবহন ব্যবহার করুন। হাই স্কুল বাছাই, ভ্রমণ পথ এবং আপনার সন্তানের প্রতিদিন স্কুলে যেতে কতক্ষণ লাগবে এই বিষয় সম্পর্কে আরও জানতে এটি আপনাকে সাহায্য করবে।

## গ্রেড ৮

- ❑ হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার সকল প্রয়োজনীয় সময়সীমা সম্পর্কে সতর্ক দৃষ্টি রাখুন। এই সময়সীমা সম্পর্কে জানার জন্য হাই স্কুল ডিরেক্টরি, কর্মশালায় অংশগ্রহণ এবং আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলর বা উপদেষ্টার সাথে যোগাযোগ রাখুন।

- ❑ বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষার জন্য সেপ্টেম্বর মাসে নিবন্ধন করুন। আপনার সন্তানের স্কুলে সাধারণত গাইডেন্স কাউন্সিরের কাছ থেকে আবেদনপত্র পাওয়া যাবে।

- ❑ আপনি যাতে যথাযথভাবে পরিকল্পনা করতে পারেন সেজন্য সেপ্টেম্বর থেকে নভেম্বর পর্যন্ত হাই স্কুল মেলায় যান, পৃথক পৃথক হাই স্কুল পরিদর্শনের জন্য অ্যাপোয়েন্টমেন্ট করা অব্যাহত রাখুন এবং অংশগ্রহণের শর্তাবলিসহ (সাক্ষাৎকার, পত্রকোষ, তথ্য অধিবেশন, অডিশন, পরীক্ষা) কর্মসূচি সম্পর্কে জানার জন্য হাই স্কুল ডিরেক্টরি যাচাই করুন।

- ❑ হাই স্কুল ভর্তি কর্মশালা, স্কুল ওপেন হাউস এবং তথ্য অধিবেশনে অংশগ্রহণ করুন।

- ❑ ডিসেম্বরের মধ্যে হাই স্কুলে আবেদন সম্পন্ন করুন। আপনার সন্তানের সাথে কাজ করুন এবং আপনার সন্তানের দক্ষতার স্তর ও আগ্রহের সাথে মেলে এবং বাড়ি থেকে যুক্তিযুক্ত সময়ে যাওয়া যায় এই ধরণের কর্মসূচি বাছাই করুন। মনে রাখুন বারটি পর্যন্ত পছন্দ হাই স্কুল আবেদনপত্রে দেয়া যেতে পারে।

- ❑ আপনার যদি চার্টার স্কুল সম্পর্কে আগ্রহ থাকে তাহলে চার্টার স্কুলের ডিরেক্টরি থেকে পরামর্শ নিন বা আবেদন করার শেষ সময় সম্পর্কে প্রত্যেক স্কুলের কাছ থেকে খোঁজ-খবর নিন।

- ❑ হেমন্ত ও বসন্তকালীন বৈঠকের সময়ে শিক্ষকদের সাথে দেখা করুন।

- ❑ আপনার সন্তানের অগ্রগতি পরিবীক্ষণ অব্যাহত রাখার জন্য এরিস প্যারেন্ট লিংক ব্যবহার করুন।

- ❑ বসন্তকালে নিউ ইয়র্ক স্টেট পরীক্ষায় ইএলএ, গণিত ও বিজ্ঞান পরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে। নবম গ্রেডের কোর্সে ভর্তির ক্ষেত্রে হাই স্কুল এই স্কোর ব্যবহার করতে পারে।

- ❑ শিক্ষার্থীদের যারা গ্রেড ৮-এ হাই স্কুল কোর্স নিয়েছে তাদেরকে হাই স্কুল ক্রেডিট অর্জনের জন্য অবশ্যই জুনে রিজেন্টস পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

## গ্রেড ৯

- প্যারেন্ট অ্যাসোসিয়েশনে যোগ দিন এবং বৈঠকে অংশগ্রহণ করুন।
- আপনার সন্তানকে কমপক্ষে একটি শিক্ষার্থী ক্লাবে বা কার্যক্রমে যোগদান করার জন্য উৎসাহিত করুন।
- প্রত্যেক টার্মের প্রতিবেদন পত্র এবং প্রতি বছর লাভ করা ট্রান্সক্রিপশন সংরক্ষণ করার জন্য একটি ফোল্ডার তৈরি করুন।
- হেমন্ত ও বসন্তকালীন বৈঠকে শিক্ষকদের সাথে দেখা করুন। শিক্ষকরা অনলাইনে তথ্য পোস্ট করেন কিনা প্যারেন্ট কোঅর্ডিনেটর এই বিষয় সম্পর্কে আপনাকে বলতে পারবেন। শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর এবং/বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালের সাথে দেখা করার জন্য সাক্ষাতের সময়সূচি ঠিক করতে ফোন করুন। তারা আপনার সাথে কথা বলার জন্য সময় আলাদা করে রাখতে চান।
- বাড়ির কাজ ও শ্রেণির কাজের ওপর গুরুত্ব দিন। মিডল স্কুলের চেয়ে হাই স্কুল আরও বেশি শ্রমসাধ্য হবে এবং প্রত্যেক বছর তা আরও বাড়বে।
- মনে রাখবেন আপনার সন্তানের আবেদনপত্র মূল্যায়ন করার সময় কলেজগুলো গ্রেড ৯ থেকে শুরু করে সবগুলো গ্রেড বিবেচনা করবে।
- কলেজ বেছে নেয়ার সুযোগ বৃদ্ধি করার জন্য আপনার সন্তানকে সম্ভাব্য সর্বোচ্চ জিপিএ অর্জন করাকে লক্ষ্য হিসেবে নিতে বলুন।
- www.bls.gov/oco -এর অকুপেশনাল আউটলুক হ্যান্ডবুক এবং www.princetonreview.com-এর প্রিন্সটন রিভিউয়ের মাধ্যমে পেশা অনুসন্ধান অব্যাহত রাখুন।
- তথ্য সংগ্রহ শুরু করার জন্য আপনার সন্তানকে হাই স্কুলের কলেজ অফিসে যেতে বলুন বা স্কুলে কলেজ গাইডেন্সের সাথে যারা সংশ্লিষ্ট তাদের সাথে যোগাযোগের উপদেশ দিন। কলেজ বেছে নেয়া সম্পর্কে আলোচনা করুন এবং উত্তীর্ণ হবার পর কলেজে ভর্তি হওয়া বিষয়ে প্রত্যাশা তৈরি করুন। কলেজে অধ্যয়নের সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচনা করুন।
- আপনার সন্তান ভর্তি হতে আগ্রহী এমন তিনটি কলেজের তালিকা করুন। জিপিএ ও এসএটি শর্তাবলি যুক্ত করুন।
- দশম গ্রেডের মধ্যেই বিদেশী ভাষা (যেহেতু উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা পাবার জন্য তিন বছরের বিদেশী ভাষা শেখা আবশ্যক) শেখা সহ শক্তিশালী প্রাতিষ্ঠানিক কর্মসূচিকে লক্ষ্য হিসেবে নেয়ার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করুন।
- গ্রীষ্মের সময় হলো শিক্ষণের সময়। আপনার সন্তানের উচ্চতর কোর্স নেয়া বা শিক্ষানবিশির জন্য (বেতন সহ বা বেতন ছাড়া) নিবন্ধনের বিষয়টি বিবেচনা করা উচিত। কোন ক্লাসে অনুত্তীর্ণ হলে শিক্ষার্থীদের উচিত ধারাবাহিকতা বজায় রাখতে এবং সময়মত উত্তীর্ণ হয়ে আরও কলেজ/পেশা বেছে নেয়ার সুযোগ নিশ্চিত করতে যতদ্রুত সম্ভব সেই ক্লাসটি পুনরায় করে নেয়া।
- আপনার সন্তানকে সাথে নিয়ে আবশ্যকীয় কোর্স ও পরীক্ষাসহ উত্তীর্ণ হবার শর্তাবলি পর্যালোচনা করুন। ডিওই ওয়েবসাইট বা গাইডেন্স কাউন্সিলরের মাধ্যমে তথ্য পাওয়া যাবে। উত্তীর্ণ হবার শর্তাবলি ও কলেজের প্রস্তুতির শর্তাবলি আপনি বুঝেছেন কিনা তা নিশ্চিত করুন।
- সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের দশম গ্রেডে উত্তীর্ণ হতে হলে কমপক্ষে আট ক্রেডিট প্রয়োজন; ১১ ক্রেডিট সম্পন্ন করাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দেয়া হচ্ছে।
- উত্তীর্ণ হবার তথ্যের জন্য এই অভিভাবক গাইডটি যাচাই করুন: schools.nyc.gov/RulesPolicies/GraduationRequirements/default.htm.
- হাই স্কুলে থাকাকালীন সময়ে প্রতি বছর কমপক্ষে একটি কলেজ পরিদর্শনের বিষয়টি বিবেচনা করুন।
- স্কুলের বাইরে অধ্যয়ন করার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করা অব্যাহত রাখুন।
- কলেজ ও বিশ্ববিদ্যালয়, সম্ভাব্য গ্রীষ্মকালীন কাজ এবং শিক্ষানবিশির জন্য যোগাযোগের কাজে ব্যবহার করার জন্য আপনার সন্তান যাতে একটি যথাযথ ইমেইল ঠিকানা তৈরি করে তা নিশ্চিত করুন। আমরা সহজবোধ্য (yourname@gmail/yahoo, ইত্যাদি) ইমেইল তৈরি করার পরামর্শ দেই। আবেদনপত্রের অবস্থা সম্পর্কিত বেশিরভাগ তথ্যই ইমেইলের মাধ্যমে পাঠানো হবে।
- কলেজে ভর্তির কর্মকর্তা ও সম্ভাব্য নিয়োগকারীর ফেসবুক বা অন্যান্য সামাজিক নেটওয়ার্ক সাইটে প্রবেশের অধিকার থাকার বিষয়টি আপনার সন্তানকে মনে করিয়ে দিন। আপনার সন্তানের তার তথ্য দেয়ার সময় সুবিবেচনা ব্যবহার ও চিন্তাভাবনা করা উচিত।
- স্যাট ২ বিষয়ের পরীক্ষা দেয়ার জন্য কিছু অর্থ সঞ্চয় করুন।
- উচ্চতর পাঠ কোর্সগুলো আপনার সন্তানের জন্য কোন বিকল্প কিনা সে সম্পর্কে জিজ্ঞাসা করুন। এ বিষয়ে শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন।

## গ্রেড ১০

- ❑ সকল কোর্সের কাজ ও পরীক্ষার গ্রেড সঠিকভাবে নথিভুক্ত করা হয়েছে কি না তা নিশ্চিত করার জন্য স্কুল বর্ষের শুরুতেই আপনার সন্তানের ট্রান্সক্রিপশন পর্যালোচনা করুন। সফোমোর হিসেবে বিবেচিত হবার জন্য আপনার সন্তানের ৮-১২ গ্রেড প্রয়োজন।
- ❑ আপনার সন্তানের যদি পর্যাপ্ত ক্রেডিট না থাকে তাহলে স্কুলে গাইডেন্স কাউন্সিলর বা উপদেষ্টার পরামর্শ নিন।
- ❑ গ্রেড ৯ থাকাকালীন সময়ে আপনি ও আপনার সন্তান একসাথে কলেজের যে তালিকা তৈরি করেছেন তা হালনাগাদ করুন। শর্তাবলি যাচাই করুন; উদাহরণস্বরূপ, কিছু কলেজে ভর্তি হতে স্যাট ২ পরীক্ষা দেয়া আবশ্যক।
- ❑ অক্টোবর মাসে অনুষ্ঠিতব্য পিস্যাট পরীক্ষা সকল এনওয়াইসি শিক্ষার্থী বিনামূল্যে দিতে পারবে। এটি দেয়ার জন্য বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে। স্যাট বা এসিটি পরীক্ষার প্রস্তুতির জন্য কোন বিষয়ের ক্ষেত্রে উন্নতি করতে হবে এ পরীক্ষার ফলাফল তা নির্দেশ করবে। একজন শিক্ষার্থী যখন ১১তম গ্রেডে পিস্যাট পরীক্ষায় অংশগ্রহণ করে তখন তার নম্বরের ওপর ভিত্তি করে সে মেধা বৃত্তির জন্য যোগ্যতা অর্জন করতে পারে। এই কারণে পরীক্ষার সাথে পরিচিত হবার জন্য ১০ম গ্রেডে পরীক্ষায় অংশ নেয়াটা গুরুত্বপূর্ণ।
- ❑ হেমন্ত ও বসন্তকালীন বৈঠকের সময়ে শিক্ষকদের সাথে দেখা করুন।
- ❑ কলেজ বেছে নেয়ার সুযোগ বৃদ্ধি করার জন্য আপনার সন্তানকে সম্ভাব্য সর্বোচ্চ জিপিএ অর্জন করাকে লক্ষ্য হিসেবে নিতে বলুন।
- ❑ www.collegeboard.org সাইটটিতে বিনামূল্যে অ্যাকাউন্ট খোলার জন্য আপনার সন্তানকে সাইন আপ করতে বলুন।
- ❑ কলেজ মেলায় উপস্থিত হওয়া শুরু করুন।
- ❑ আপনার সন্তানকে সম্ভাব্য সবচেয়ে চাহিদাপূর্ণ কোর্স সময়সূচি নিতে উৎসাহিত করুন। সব কোর্স সব শিক্ষার্থী নিতে পারে না, কিন্তু প্রত্যেক শিক্ষার্থীর দেখানো উচিত যে তার কঠোর পরিশ্রম করার ইচ্ছা আছে।
- ❑ উচ্চতর পাঠ কোর্সগুলো আপনার সন্তানের জন্য কোন বিকল্প কিনা সে সম্পর্কে জিজ্ঞাসা করুন। এ বিষয়ে শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যালের সাথে কথা বলুন।
- ❑ আপনার সন্তান যদি কোন নির্দিষ্ট বিষয়ে বুৎপত্তি অর্জন করে তাহলে স্যাট ২ পরীক্ষায় অংশগ্রহণ করা সম্ভব কিনা সেই বিষয়ে আলোচনা করুন। এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনার নিবন্ধন করা ও ফি দেয়া প্রয়োজন।
- ❑ আপনার হাই স্কুলের এখনই কলেজ বা কলেজ-স্তরের অন্যান্য কোর্স সম্পর্কে খোঁজ করুন এবং এগুলোর জন্য নিবন্ধন করুন।
- ❑ গ্রীষ্মের সময়টা হচ্ছে শিক্ষণের সময়। গ্রীষ্মকালে কম্যুনিটির কাজ বা স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার জন্য আপনার সন্তানকে উৎসাহিত করুন। হাই স্কুল শিক্ষার্থীদের জন্য যেমন গ্রীষ্মকালীন প্রতিষ্ঠান রয়েছে তেমনি শহরের অনেক কলেজেই এখনই কলেজ (কলেজ নাও) কোর্স রয়েছে।আপনি যদি কোন নির্দিষ্ট কলেজের প্রতি আগ্রহী হয়ে থাকেন তাহলে সম্ভাব্য গ্রীষ্মকালীন কর্মসূচির জন্য সেই স্কুলের সাথে যোগাযোগ করুন। এই গ্রীষ্মে পিস্যাট/স্যাটের জন্য অধ্যয়ন করাটাও একটি ভাল পরিকল্পনা। আপনার সন্তানের স্কুলে প্রস্তুতি কর্মসূচি সম্পর্কে আপনি খোঁজ নিতে পারেন।

## গ্রেড ১১

- ❑ সকল কোর্সের কাজ ও পরীক্ষার গ্রেড সঠিকভাবে নথিভুক্ত করা হয়েছে কি না তা নিশ্চিত করার জন্য স্কুল বর্ষের শুরুতেই আপনার সন্তানের ট্রান্সক্রিপশন পর্যালোচনা করুন। জুনিয়র হিসেবে বিবেচিত হবার জন্য ইংরেজিতে ৪টি এবং আবশ্যিক সমাজ বিজ্ঞান কোর্সে ৪টি গ্রেডসহ আপনার সন্তানের মোট ২০-২২ ক্রেডিট থাকা উচিত। আপনার সন্তানের যদি পর্যাপ্ত গ্রেড না থাকে তাহলে স্কুলে গাইডেন্স কাউন্সিলর বা উপদেষ্টার পরামর্শ নিন।
- ❑ আপনার সন্তানের জন্য সকল সময়সীমা পূরণ করাটা খুবই গুরুত্বপূর্ণ। যদি সময়সীমা চলে যায় তাহলে বাছাই করার সুযোগও চলে যাবে।
- ❑ হেমন্তে আপনার সন্তানের পিস্যাট পরীক্ষায় অংশগ্রহণ করার বিষয়টি নিশ্চিত করুন। এটি জাতীয় মেধা ও অর্জন বৃত্তির (ন্যাশনাল মেরিট ও অ্যাচিভমেন্ট স্কলারশিপ)যোগ্যতা লাভের পরীক্ষা।
- ❑ স্যাট ও এসিটি পরীক্ষার সময়সূচির জন্য গাইডেন্স অফিসের সাথে যোগাযোগ করুন। মে বা জুন মাসে প্রয়োজনীয় পরীক্ষায় আপনার সন্তানের অংশগ্রহণের ব্যবস্থা করুন।
- ❑ পরীক্ষায় প্রস্তুতির কর্মসূচি যা পাওয়া যাচ্ছে তা বিবেচনা করুন, আপনার পরিবারের সময়সূচি ও আর্থিক সামর্থ্যের সাথে সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচিটি বেছে নিন। মাঝে মাঝে স্কুল নিজস্ব উদ্যোগে প্রস্তুতি ক্লাসের ব্যবস্থা করে। আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।
- ❑ স্কুলের মধ্যাহ্নভোজ ফরম পূরণ করুন; এটি আপনাকে স্যাট ও এসিটি পরীক্ষার ফি-তে ছাড় পেতে সাহায্য করতে পারে।
- ❑ হেমন্ত ও বসন্তকালীন বৈঠকের সময়ে শিক্ষকদের সাথে দেখা করুন।
- ❑ কলেজ মেলায় অংশগ্রহন করুন, কলেজ পরিদর্শন করুন এবং ভর্তির মানদণ্ড, খরচ ও আবেদন প্রক্রিয়া বোঝার বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ স্কুলের ভিতরে ও বাইরে পাঠ্যক্রম বহির্ভূত ও সহপাঠ কার্যক্রমে আপনার সন্তানকে সমর্থনদান অব্যাহত রাখুন ও বৃদ্ধি করুন। আপনি যখন চাকুরির এবং হাই স্কুল পরবর্তী শিক্ষার জন্য আবেদন করবেন তখন আবশ্যকীয় কোর্সের বাইরের কার্যক্রম সম্পদ হিসেবে বিবেচিত হবে।
- ❑ পছন্দসই কলেজে ভর্তি হবার জন্য যদি স্যাট ২ পরীক্ষায় অংশগ্রহণের শর্ত থাকে তাহলে আপনার সন্তানের স্যাট ২ পরীক্ষায় অংশগ্রহণ করার বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ আপনার যেসব কলেজের প্রতি আগ্রহ আছে সেইসব ক্যাম্পাস পরিদর্শন করুন। অনেক কলেজের ওয়েবসাইটে ভার্চুয়াল ভ্রমণের ব্যবস্থা আছে, আপনার যদি স্কুলে যাওয়া সম্ভব না হয় তাহলে এই ক্ষেত্রে ভার্চুয়াল ভ্রমণের সুযোগটি গ্রহণ করুন।
- ❑ আপনার স্কুলে আয়োজিত সকল কলেজের উপস্থাপনায় অংশগ্রহণ করুন। আপনার সন্তান যাতে কলেজ খোঁজার ক্ষেত্রে পিছিয়ে না পড়ে সেজন্য কিছু স্কুল মাস অনুযায়ী নির্দিষ্ট কলেজ উপস্থাপনের সময়সূচি নির্ধারণ করে থাকে। এই দিনপঞ্জির কপি পাবার জন্য আপনার গাইডেন্স অফিসের সাথে যোগাযোগ করা উচিত; তারপর এটিকে এমন জায়গায় রাখা উচিত যাতে আপনি ও আপনার সন্তান এটিকে অনুসরণ করতে পারেন।
- ❑ আপনার সন্তানকে সম্ভাব্য সবচেয়ে চাহিদাপূর্ণ কোর্স সময়সূচি নিতে উৎসাহিত করুন। সব কোর্স সব শিক্ষার্থী নিতে পারে না, কিন্তু প্রত্যেক শিক্ষার্থীর দেখানো উচিত যে তার কঠোর পরিশ্রম করার ইচ্ছা আছে।
- ❑ কলেজ বেছে নেয়ার সুযোগ বৃদ্ধি করার জন্য আপনার সন্তানকে সম্ভাব্য সর্বোচ্চ জিপিএ অর্জন করাকে লক্ষ্য হিসেবে নিতে বলুন।
- ❑ আপনার সন্তানকে এমন গ্রীষ্মকালীন কার্যক্রম বেছে নিতে সাহায্য করুন যা তার দক্ষতা তৈরি, প্রাতিষ্ঠানিক নৈপুণ্যের উন্নতি সাধন এবং পেশাগত লক্ষ্য স্পষ্টকরণে সহায়তা করবে।
- ❑ আরও বেশি ক্যাম্পাস পরিদর্শন করার জন্য গ্রীষ্মের সময়টিকে ব্যবহার করুন এবং আপনার সন্তানকে চাকুরি, শিক্ষানবিশি, বা স্যাট বা কলেজ প্রস্তুতি কর্মসূচির খোঁজ করার জন্য উৎসাহিত করুন।
- ❑ আপনার হাই স্কুলের উচ্চতর পাঠের কোর্স, এখনই কলেজ বা কলেজ-স্তরের অন্যান্য কোর্স সম্পর্কে খোঁজ করুন এবং এগুলোর জন্য নিবন্ধন করুন।
- ❑ এফএএফএসএ৪কাস্টার করুন এবং আপনার সন্তান নিউ ইয়র্ক স্টেটের উচ্চতর শিক্ষা সুযোগ কর্মসূচির (এইচইওপি) জন্য যোগ্য কিনা তা নির্ধারণের জন্য তাকে কাউন্সিলরের সাথে যোগাযোগ করতে বলুন। আরও তথ্যের জন্য www.highered.nysed.gov/kiap/colldev/HEOP/documents/HEOPWebBrochure2011-12.pdf দেখুন।
- ❑ প্রত্যেক শ্রেণিতে তিনটি স্কুল নিয়ে আপনার সন্তানকে তার কলেজ তালিকার প্রথম খসড়া তৈরি করতে বলুন: নিরাপত্তা স্কুল, উদ্দিষ্ট স্কুল এবং গন্তব্য স্কুল।

- আপনার সন্তানকে তার রচনার প্রথম খসড়া লিখতে বলুন যেটি আবেদন ও বৃত্তির জন্য ব্যবহার করা হবে।
- আপনি যদি ছাড়ের জন্য যোগ্য বিবেচিত না হন তাহলে বর্তমানে কম ছাড় পাওয়া সিইউএনওয়াইসহ দরখাস্তের ফির জন্য অর্থ সঞ্চয় করতে শুরু করুন।

- ❑ সকল কোর্সের কাজ ও পরীক্ষার গ্রেড সঠিকভাবে নথিভুক্ত করা হয়েছে কি না তা নিশ্চিত করার জন্য স্কুল বর্ষের শুরুতেই আপনার সন্তানের ট্রান্সক্রিপশন পর্যালোচনা করুন। সিনিয়র হিসেবে বিবেচিত হবার জন্য আপনার সন্তানের ৩০ বা তার চেয়ে বেশি ক্রেডিট প্রয়োজন হবে।
- ❑ সময়মত উত্তীর্ণ হতে আপনার সন্তানের প্রয়োজনীয় ক্লাস নেয়া ও পরীক্ষা দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য তার কাউন্সিলর ও শিক্ষকের সাথে নিয়মিত যোগাযোগ রাখুন।
- ❑ হেমন্ত ও বসন্তকালীন বৈঠকের সময়ে শিক্ষকদের সাথে দেখা করুন।
- ❑ আপনার সন্তানের সামাজিক নিরাপত্তা নম্বর থাকার বিষয়টি নিশ্চিত করুন কারণ আবেদন করার সময় এই নম্বরটি প্রয়োজন হবে।
- ❑ আত্মজীবনী তৈরির কাজে আপনার সন্তানকে সহায়তা করুন কারণ প্রায়ই কলেজ ভর্তি অফিসের এটি প্রয়োজন হয়। কলেজ আবেদনের একটি অংশ রচনা লেখায় সহায়তা করুন। সন্তানের লেখা নিজেই লিখে দেয়ার প্রলোভন থেকে নিজেকে বিরত রাখুন। যে লেখাটি জমা দেয়া হবে সেই লেখাটি যে একজন কিশোরের দ্বারাই লিখিত হয়েছে অবশ্যই তার একটি চিহ্ন থাকতে হবে।
- ❑ বৃত্তির জন্য আবেদন করুন। এর অর্থ হল আপনার সম্পদ ও আয়ের তথ্য প্রকাশ করা। করের নথি, ডাব্লিউ-২ ফরম প্রভৃতির কপি সংরক্ষণ করুন।
- ❑ পছন্দসই কলেজে ভর্তি হবার জন্য যদি স্যাট ২ পরীক্ষায় অংশগ্রহণের শর্ত থাকে তাহলে আপনার সন্তানের স্যাট ২ পরীক্ষায় অংশগ্রহণ করার বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ আপনার সন্তান যে স্কুলে ভর্তি হতে আগ্রহী সেই স্কুলের আবেদন প্রক্রিয়া ও এর শেষ সময় নিয়ে সে গবেষণা করেছে সে বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ কলেজ থেকে আপনার সন্তান যেসব চিঠি পায় তার সবগুলো পর্যালোচনা করুন। আর্থিক সহায়তা প্যাকেজ পরিমাপ করতে এবং কোন স্কুলে ভর্তি করতে হবে তা নির্ধারণ করার জন্য একজন কাউন্সিলরের সাথে কাজ করুন।
- ❑ আপনার সন্তান যাতে ভর্তির প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং অর্থ পাঠায় সেই বিষয়টি নিশ্চিত করুন। যদি অর্থ ও কাগজপত্র পাঠানো না হয়ে থাকে তাহলে কলেজ কোন আসন রাখবে না।
- ❑ আবশ্যকীয় সব কলেজ পরিচিতি ও মূল্যায়ন পরীক্ষা অধিবেশনে আপনার সন্তানের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করুন।
- ❑ "সিনিয়রিটিস"-এর লক্ষণের বিষয়ে সতর্ক থাকুন। প্রায়শই চাহিদাপূর্ণ কলেজ আবেদন প্রক্রিয়ার পর শিক্ষার্থীদের মধ্যে গা ছাড়া ভাব চলে আসে। বাড়ির কাজ ও শ্রেণির কাজ সম্পর্কে আপনার সন্তানকে জিজ্ঞেস করুন। উপস্থিতি যাচাই করুন। (প্রাতিষ্ঠানিক অনুপস্থিতি ও কোন বিষয়ের ক্লাসে অনুপস্থিতির ব্যাপারে আপনাকে জানানোর জন্য প্রত্যেক স্কুলে একটি উপস্থিতি সংক্রান্ত অফিস আছে।) বসন্ত সেমিস্টারে আপনার সন্তানের ওপর নজরদারি অব্যাহত রাখুন। আপনার সন্তান যদি কোন বিষয়ে অনুত্তীর্ণ হয় তাহলে সে সময়মত উত্তীর্ণ হতে পারবে না। আপনার সন্তানের সর্বশেষ গ্রেড যদি পূর্বের সাত টার্মের মত না হয় তাহলে আবেদন গ্রহণ বা বৃত্তি সহায়তা দেয়ার ব্যাপারে কলেজ তার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারে।

- অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি, এপ্রিল ও মে মাসের এই গুরুত্বপূর্ণ ধাপগুলোর খোঁজ রাখুন।

  - অক্টোবর–আপনার সন্তান যাতে সিইউএনওয়াই আবেদনপত্র দাখিল করে তা নিশ্চিত করুন। সুপারিশপত্র লেখার জন্য আপনার সন্তান যাতে লোকদেরকে অনুরোধ করে সেই বিষয়টি নিশ্চিত করুন। যে সকল শিক্ষক, কাউন্সিলর ও ব্যক্তি আপনার সন্তানের কাজ, স্বেচ্ছাশ্রম বা পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম সম্পর্কে জানে তাদেরকে তার বিবেচনা করা উচিত।

  - নভেম্বর–আপনার সন্তান যাতে স্যাট নম্বরসহ এসইউএনওয়াই আবেদনপত্র দাখিল করে তা নিশ্চিত করুন।

  - ডিসেম্বর– আপনার সন্তান যাতে সম্পূরক আবেদনপত্র ও স্যাট নম্বরসহ বেসরকারি স্কুল আবেদনপত্র দাখিল করে তা নিশ্চিত করুন।

    - আপনার সন্তান যাতে ডিসেম্বরের আগে স্যাট এবং/বা এসিটি পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষায় যদি সে ভাল নম্বর না পায় তাহলে অনেক কলেজে আবেদনের শেষ তারিখের আগে আরও একটি পরীক্ষা দেয়া সম্ভব হতে পারে।

    - ফেব্রুয়ারি ১ এর আগে এফএএফএসএ পূরণ করুন।

  - জানুয়ারি– আপনার সন্তান যদি এইচইওপি-এর জন্য যোগ্য হয় তাহলে ফরম ও রচনা জমাদানের বিষয়টি নিশ্চিত করুন।

  - এপ্রিল–আপনি ও আপনার সন্তান সিদ্ধান্ত পত্রগুলো পর্যালোচনা করবেন। কলেজ উপদেষ্টার সাথে কাজ করুন এবং আপনার সন্তান কোন স্কুলে ভর্তি হবে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করুন। মনে রাখবেন আপনারা উভয়ে মিলে এই সিদ্ধান্তটি নেবেন।

  - মে–আপনার পছন্দ করা স্কুলে পূরণকৃত নিবন্ধন ফরমটি জমা দিন। আবাসন ফরম (যদি প্রয়োজন হয়) ও চিকি৾সা ফরম পূরণ করুন এবং অর্থ জমা দিন।

# ইন্টারনেট রিসোর্স

## সাধারণ শিক্ষা তথ্য

| | |
|---|---|
| এনওয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন | schools.nyc.gov |
| এনওয়াইএস ডিপার্টমেন্ট অব এডুকেশন | www.nysed.gov |
| ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন | www.ed.gov |
| এনওয়াইসি চিলড্রেন সার্ভিস এডুকেশন রিসোর্স | www.nyc.gov/html/acs/education |

## বাড়ির কাজে সাহায্য

| | |
|---|---|
| ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন | www2.ed.gov/parents/academic/help/hyc.html |
| আবিষ্কার শিক্ষা | school.discoveryeducation.com/homeworkhelp |
| ইনফোপ্লিজ বাড়ির কাজ | www.infoplease.com/homework |
| নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি | www.homeworknyc.org |
| এনওয়াইসি ডায়াল-এ-টিচার | www.uft.org/dial-a-teacher |

## পরীক্ষার প্রস্তুতি

| | |
|---|---|
| রিজেন্টস পর্যালোচনা ২.০ | www.regentsreviewlive.net |
| বাড়িতে শিক্ষানির্দেশনা-মিডল স্কুল পরীক্ষা | www.homeinstructionschools.com/shack/3-8examreview |
| বাড়িতে শিক্ষানির্দেশনা-রিজেন্টস পরীক্ষা পর্যালোচনা | www.homeinstructionschools.com/regents |
| রিজেন্টস পরীক্ষার প্রস্তুতি কেন্দ্র | www.regentsprep.org |
| এনওয়াইএস ডিপার্টমেন্ট অফ এডুকেশন | www.nysedregents.org |
| কলেজ বোর্ড (পিএসএটি, এসএটি,এপি) | www.collegeboard.org |
| এসিটি | www.act.com |
| Number 2.com | www.number2.com |

(ইন্টারনেট রিসোর্স চলছে)

**পেশাগত তথ্য**

| | |
|---|---|
| অকুপেশনাল আউটলুক হ্যান্ডবুক | www.bls.gov/oco |
| আপনার ভবিষ্যত আঁকুন | www.mappingyourfuture.org |
| ইউএস ব্যুরো অব লেবার স্ট্যাটিসটিক | www.bls.gov/k12 |
| পেশা অনুসন্ধান | www.careerexplorer.net |
| পেশা ও কলেজ | www.careersandcolleges.com |
| কলেজ বোর্ড | myroad.collegeboard.com/myroad/snavigator.jsp |
| প্রিন্সটন পর্যালোচনা | www.princetonreview |

**কলেজ অনুসন্ধান, আবেদন ও আর্থিক সহায়তার তথ্য**

| | |
|---|---|
| দি ন্যাশনাল অ্যাপ্লিকেশন সেন্টার | www.nationalappcenter.com |
| পাবলিক স্কুলের জন্য নতুন দর্শন, কলেজের পথে যাত্রা | www.newvisions.org/the-road-to-college/overview |
| এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ এডুকেশন, কলেজ প্রস্তুতিতে শিক্ষার্থীদের সাহায্য করার উপকরণ | docs.nycenet.edu/docushare/dsweb/Get/Document-331/College%20guide%2007_01_08 |
| ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর কলেজ অ্যাডমিশন কাউন্সেলিং | www.nacacnet.org |
| কলেজ সম্পর্কে সবকিছু | www.allaboutcollege.com |
| ক্যাম্পাস ভ্রমণ | www.campustours.com |
| সাধারণ আবেদন | www.commonapp.org |
| সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (সিইউএনওয়াই) | www.cuny.edu |
| স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (এসইউএনওয়াই) | www.suny.edu |
| নিউ ইয়র্ক শেখে (স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট) | www.highered.nysed.gov/NYLearns/home.html |
| শিক্ষা পরিকল্পনা | www.educationplanner.org |
| আমার রচনা | www.myessay.com |
| কলেজ টুলকিট | www.collegetoolkit.com |

## আর্থিক সহায়তা ও বৃত্তি

| | |
|---|---|
| ফাস্টওয়েব বৃত্তি অনুসন্ধান | www.fastweb.com/ |
| এফএএফএসএ | www.fafsa.ed.gov |
| ফেডারেল শিক্ষার্থী সহায়তা | www.studentaid.ed.gov |
| এনওয়াইএস উচ্চ শিক্ষা সেবা | www.hesc.com |
| ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন | www2.ed.gov/finaid |
| Scholarships.com | www.scholarships.com |
| নথিপত্রবিহীন শিক্ষার্থীর জন্য | www.finaid.org/otheraid/undocumented.phtml *and* www.getreadyforcollege.org/gpg.cfm?pageid=1586&1534-d83a_1933715a=d87c2125f86 |

## বহুসংস্কৃতি রিসোর্স

| | |
|---|---|
| পরিবারে প্রথম | www.firstinthefamily.org |
| গেটস মিলেনিয়াম স্কলারস ফান্ড | www.gmsp.org |
| হিসপানিক অ্যাসোসিয়েশন অব কলেজ; ও ইউনিভার্সিটি | www.hacu.net |
| হিসপানিক উত্তরাধিকার বৃত্তির তালিকা | www.hispanicheritage.org/youth.php |
| হিসপানিক বৃত্তি তহবিল | www.latinocollegedollars.org/directory.htm |
| এনএএসিপি বৃত্তির সুযোগ | www.naacp.org/page/s/scholarship2 |
| ন্যাশনাল আরবান লিগ প্যারেন্টস গাইড টু কলেজ | www.nyul.org/pages/Parent_Guide_Order_Form |
| ইউনাইটেড নিগ্রো কলেজ ফান্ড | www.uncf.org |
| ঐতিহাসিক কৃষ্ণাঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় | www.hbcuconnect.com |
| সংখ্যালঘুদের জন্য ২০০টি ফ্রি বৃত্তি | www.blackexcel.org/200-Scholarships.html |
| কৃষ্ণাঙ্গ কলেজ ডলার | www.blackcollegedollars.org |
| শ্রেণি অনুযায়ী বৃত্তির তালিকা | www.scholarships.fatomei.com/minorities.html |
| বৃত্তি ও কৃষ্ণাঙ্গ শিক্ষার্থীর জন্য আরও কিছু | www.blackstudents.com |

# এক নজরে বর্ষপঞ্জি

| গ্রেড | সেপ্টেম্বর/অক্টোবর | নভেম্বর/ডিসেম্বর | জানুয়ারি/ফেব্রুয়ারি | মার্চ/এপ্রিল | মে/জুন |
|---|---|---|---|---|---|
| **সব** | গুরুত্বপূর্ণ তারিখগুলোর জন্য schools.nyc.gov প্যারেন্ট ট্যাবে লগ অন করুন। তথ্যের জন্য স্কুলে ফোন করার সময় আপনার পরিচয় নিশ্চিত করার জন্য আপনার সন্তানের ওএসআইএস আইডি নম্বরের একটি কপি রাখুন। মধ্যাহ্নভোজ ফরম পূরণ করুন। প্রতিদিনের উপস্থিতি, বাড়ির কাজ এবং শ্রেণির কাজের ওপর নজরদারি করুন। | **হেমন্তের পিতামাতা শিক্ষক বৈঠকগুলোতে অংশ নিন।** প্রতিদিনের উপস্থিতি, বাড়ির কাজ এবং শ্রেণির কাজের ওপর নজরদারি করুন। | মধ্য-বার্ষিক প্রতিবেদনপত্র। প্রয়োজন হলে শিক্ষকের সাথে অ্যাপোয়েন্টমেন্টের জন্য কল করুন। এরিস (প্রাতিষ্ঠানিক এবং উপস্থিতি সংক্রান্ত ডাটার ডিওই ডাটা ব্যবস্থা) এবং/বা স্কুল এবং শিক্ষক ওয়েবসাইটে শিক্ষার্থীর অগ্রগতি চেক করুন।প্রতিদিনের উপস্থিতি, বাড়ির কাজ এবং শ্রেণির কাজের ওপর নজরদারি করুন। | **বসন্তের পিতামাতা শিক্ষক বৈঠকে অংশ নিন।** প্রতিদিনের উপস্থিতি, বাড়ির কাজ এবং শ্রেণির কাজের ওপর নজরদারি করুন। | গ্রীষ্মকালীন কর্মসূচির বিষয়ে প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। আবশ্যকীয় পরীক্ষা। চূড়ান্ত প্রতিবেদনপত্র। প্রতিদিনের উপস্থিতি, বাড়ির কাজ এবং শ্রেণির কাজের ওপর নজরদারি করুন। |
| **৬ষ্ঠ** | বাড়িতে পাঠের জন্য একটি স্থান নির্ধারণ করুন। প্যারেন্ট অ্যাসোসিয়েশন সম্পর্কে জানুন এবং এতে যোগ দিন। শিক্ষার্থীকে নতুন স্কুলের সাথে খাপখাওয়াতে সাহায্য করুন। | শিক্ষার্থীর ওএসআইএস আইডি নম্বর কপি করুন। আপনি যখন তথ্যের জন্য স্কুলে ফোন করেন তখন নিরাপত্তার জন্য অনেক সময় এটি ব্যবহার করা হয়। | মধ্য-বার্ষিক প্রতিবেদন পত্র। ডিওই ওয়েবসাইটের মাধ্যমে এরিস-এ লগ অন করুন। আপনার সন্তানের অগ্রগতি এবং উপস্থিতির বিষয়ে খোঁজ-খবর রাখুন। | গ্রীষ্মকালীন কর্মসূচি সম্পর্কে তথ্য জানুন। পরবর্তী বছরের জন্য শিক্ষার্থীর কোর্স পর্যালোচনা করুন। স্টেট পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। | গ্রীষ্মকালীন কর্মসূচির জন্য নিবন্ধন করুন। ইএলএ শিক্ষকের কাছ থেকে পঠনের তালিকা নিন। প্রত্যেক টার্মের প্রতিবেদনপত্র রাখার জন্য একটি ফোল্ডার নিন। এনওয়াইএস ইএলএ এবং গণিত পরীক্ষা। এনওয়াইএস ইএলএ এবং গণিত পরীক্ষা। |
| **৭ম** | বরো এবং সিটিভিত্তিক হাই স্কুল মেলাগুলোতে যেতে শুরু করুন। | হাই স্কুলগুলোকে পরিদর্শনের ব্যবস্থা করতে ফোন করুন। সেসব স্কুল পরিদর্শন করুন যেসবের বিষয়ে আপনি আগ্রহী। হাই স্কুল আবেদনপত্র পূরণ করুন। অতিরিক্ত তথ্যের জন্য গাইডেন্স কাউন্সিলরের সাথে দেখা করুন। | হাই স্কুল আবেদন প্রক্রিয়া সম্পর্কে জানতে অন্যান্য পিতামাতাদের সাথে আলোচনা করুন।মধ্য-বার্ষিক প্রতিবেদনপত্র। | গ্রীষ্মকালীন কর্মসূচি সম্পর্কে তথ্য জানুন। পরবর্তী বছরের জন্য শিক্ষার্থীর কোর্স পর্যালোচনা করুন। | |
| **৮ম** | ওপেন হাউজ, পরিদর্শন, অডিশন ইত্যাদির জন্য হাই স্কুল ডিরেক্টরি ব্যবহার করুন। হাই স্কুল মেলা এবং ওপেন হাউজে যোগ দিন। | | মধ্য-বার্ষিক প্রতিবেদনপত্র। এরিস-এ শিক্ষার্থীর অগ্রগতি চেক করুন। শিক্ষার্থীর সাথে হাই স্কুল মেলানোর বিষয়ে ডিওই'র কাছ থেকে বিজ্ঞপ্তির প্রধান রাউন্ড। | হাই স্কুল-শিক্ষার্থী মেলানোর বিষয়ে ডিওই সম্পূরক নোটিস পাঠায়। | এনওয়াইএস ইএলএ, গণিত এবং বিজ্ঞান পরীক্ষা। উচ্চতর কোর্সের জন্য রিজেন্টস। যদি প্রদান করা হয় তাহলে নতুন স্কুল পরিচিতিতে অংশ নিন। |
| **৯ম** | নতুন মধ্যাহ্নভোজ ফরম পূরণ করুন। প্যারেন্ট অ্যাসোসিয়েশনে যোগ দিন। প্রতিদিনের উপস্থিতি ও কাজের ওপর নজরদারি অব্যাহত রাখুন। **হেমন্তের পিতামাতা শিক্ষক বৈঠকগুলোতে অংশ নিন।** | স্কুল ওয়েবসাইট, পুস্তিকা বা বৈঠক ব্যবহার করুন, প্রতিবেদনপত্র, পরীক্ষা, ক্লাসের সময়সূচি ইত্যাদির বিষয়ে স্কুলভিত্তিক নিয়ম-কানুন, কার্যপদ্ধতি এবং সময়সীমা সম্পর্কে জানুন। | টার্ম শেষের প্রতিবেদনপত্র চূড়ান্ত গ্রেডগুলো দেখায়। শিক্ষার্থীরা গ্র্যাজুয়েট হবার পথে ক্রেডিট অর্জন করতে শুরু করে। টার্ম শেষের প্রতিবেদনপত্র পাবার পর প্রয়োজন হলে শিক্ষকের সাথে সাক্ষাতের জন্য অ্যাপোয়েন্টমেন্ট করতে কল করুন। | গ্রীষ্মকালীন কর্মসূচি সম্পর্কে জানুন। পরবর্তী বছরের জন্য ক্লাস নির্বাচন পর্যালোচনা করুন। সম্ভাব্য উচ্চতর পাঠ বা উচ্চতর কোর্সের বিষয়ে গাইডেন্স কাউন্সিলর বা উপদেষ্টার সাথে যোগাযোগ করুন। **বসন্তের পিতামাতা শিক্ষক বৈঠকে অংশ নিন।** | গণিত এবং বিজ্ঞানে সম্ভাব্য এনওয়াইএস রিজেন্টস পরীক্ষা। |
| ১০ম | গ্রেড, কোর্সের ধারাক্রম এবং ক্রমপুঞ্জিত ক্রেডিটের জন্য শিক্ষার্থীর ট্রান্সক্রিপশন পর্যালোচনা করুন। পিস্যাট পরীক্ষা। **হেমন্তের পিতামাতা শিক্ষক বৈঠকগুলোতে অংশ নিন।** | হাই স্কুল বা কলেজ আয়োজিত কলেজ মেলাগুলোতে অংশগ্রহণ করতে শুরু করুন। প্রয়োজন হলে দ্বিতীয় প্রতিবেদনপত্রের পর শিক্ষকের সাথে সাক্ষাতের জন্য অ্যাপোয়েন্টমেন্ট করুন। কলেজ মেলাগুলোতে উপস্থিত থাকুন। আগ্রহের কলেজগুলো পরিদর্শন করুন। সাহায্যের জন্য কলেজ অফিসের সাথে কথা বলুন। | টার্ম শেষের প্রতিবেদনপত্র।প্রয়োজন হলে শিক্ষকের সাথে সাক্ষাতের জন্য অ্যাপোয়েন্টমেন্ট করতে কল করুন। এরিসে শিক্ষার্থীর অগ্রগতি চেক করুন। | গ্রীষ্মকালীন কর্মসূচি সম্পর্কে জানুন। পরবর্তী বছরের জন্য ক্লাস নির্বাচন পর্যালোচনা করুন। **বসন্তের পিতামাতা শিক্ষক বৈঠকে অংশ নিন।** | গণিত, বিজ্ঞান, বিশ্ব ইতিহাসে এনওয়াইএস রিজেন্টস পরীক্ষা। সুপারিশ করা হলে স্যাট ২। উচ্চতর পাঠের কোর্সের শিক্ষার্থীদের জন্য উচ্চতর পাঠ পরীক্ষা। |
| **১১তম** | উপরে উল্লিখিত উপায়ে শিক্ষার্থীর ট্রান্সক্রিপশন পর্যালোচনা করুন। পিস্যাট পরীক্ষা। কলেজ পরিদর্শন শুরু করুন। **হেমন্তের পিতামাতা শিক্ষক বৈঠকগুলোতে অংশ নিন।** | | টার্ম শেষের প্রতিবেদনপত্র। প্রতিবেদনপত্র।প্রয়োজন হলে শিক্ষকের সাথে সাক্ষাতের জন্য অ্যাপোয়েন্টমেন্ট করতে কল করুন।সিনিয়র বছরের আর্থিক সহায়তার আবেদনপত্রের জন্য আয়কর ফরম ১০৪০ সংরক্ষণ করুন। এরিস-এ গ্র্যাজুয়েট হবার পথে শিক্ষার্থীর অগ্রগতি চেক করুন। বৃত্তির জন্য আবেদন করুন, সম্ভাব্য আর্থিক সহায়তার জন্য এফএএফএসএ পূরণ করুন। | গ্রীষ্মকালীন কর্মসূচি সম্পর্কে জানুন। পরবর্তী বছরের জন্য ক্লাস নির্বাচন পর্যালোচনা করুন। শিক্ষার্থীরা স্যাট/এসিটি নেয়। কলেজ এবং আর্থিক সহায়তার সুযোগ অনুসন্ধানের ক্ষেত্রে সাহায্যের জন্য কলেজ অফিসের সাথে কথা বলুন। | গণিত, বিজ্ঞান, ইংরেজি, যুক্তরাষ্ট্রের ইতিহাসে এনওয়াইএস রিজেন্টস পরীক্ষা। উচ্চতর পাঠের কোর্স নিয়ে থাকলে উচ্চতর পাঠ পরীক্ষা। |
| **১২তম** | শিক্ষার্থীর ট্রান্সক্রিপশন পর্যালোচনা করুন। শিক্ষার্থীকে কলেজে আবেদনের জন্য আত্মজীবনী ও রচনা লিখতে হবে। **হেমন্তের পিতামাতা শিক্ষক বৈঠকগুলোতে অংশ নিন।** | স্যাট ১ এবং ২/এসিটি পরীক্ষা। কলেজ আবেদন সম্পন্ন করুন। কলেজ পরিদর্শন করুন। | | উপস্থিতি, ক্লাসের কাজ, পরীক্ষা এবং বাড়ির কাজ ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করুন। **কলেজ কর্তৃক গ্রহণের পত্র উত্তীর্ণের নিশ্চয়তা প্রদান করে না।** | এপি পরীক্ষা। গ্র্যাজুয়েশন বা উচ্চতর রিজেন্টস প্রত্যয়নের জন্য চূড়ান্ত রিজেন্টস পরীক্ষা দেয়া প্রয়োজন। |